# কর্মসংস্থান

দাম : ৫ টাকা
https://www.facebook.com/karmasangsthaan
Vol. 37 ■ Issue No. 43 ■ 2nd November 2024 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

ভেতরের পাতায়
১৬-১৭ নভেম্বর PSC'র ক্লার্কশিপ
এই পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নোত্তর
■ কেন্দ্রীয় সংস্থায় ১৫৩ জুনিয়র অফিসার ও ইঞ্জিনিয়ার ট্রেনি

## ইউনিয়ন ব্যাঙ্কে ১,৫০০ লোকাল ব্যাঙ্ক অফিসার

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

নিজস্ব সংবাদদাতা, মুম্বই : ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া পশ্চিমবঙ্গ-সহ বিভিন্ন রাজ্যের শাখা অফিসে কাজের জন্য 'লোকাল ব্যাঙ্ক অফিসার' পদে ১,৫০০ জন ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। কম্পিউটারে দক্ষতা থাকতে হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য আবেদন করবেন, সেই রাজ্যের স্থানীয় বা, সরকারি ভাষা সম্বন্ধে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ১-১০-২০২৪'র হিসাবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, তপশিলীরা ৫ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর, বিধবা-বিবাহবিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ৯ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শুরুতে ৬ মাস প্রবেশনে থাকতে হবে। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ এরপর ৩ পাতায়

## ক্লার্কশিপ পরীক্ষার অ্যাডমিট কার্ড দেওয়া শুরু

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের ২০২৩ সালের ক্লার্কশিপ পার্ট-। পরীক্ষা হবে ১৬ ও ১৭ নভেম্বর বেলা সাড়ে ৯টা থেকে ১১টা ও আড়াইটা থেকে ৪টে পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ২ নভেম্বর থেকে এই এরপর ২ পাতায়

## পাওয়ার গ্রিডে ৭০৮ ট্রেনি

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড 'ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রিক্যাল)', ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রনিক্স) ও 'ডিপ্লোমা ট্রেনি (সিভিল)' পদে ৭০৮ জন এরপর ৩ পাতায়

## ভারত-তিব্বত সীমান্ত পুলিশে ৫২৬ জন কনস্টেবল ও হেড-কনস্টেবল

**মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও গ্র্যাজুয়েট**

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্রমন্ত্রকের অধীন ভারত-তিব্বত সীমান্ত পুলিশ 'হেড কনস্টেবল (টেলিকমিউনিকেশন)', 'কনস্টেবল (টেলিকমিউনিকেশন)', 'সাব-ইন্সপেক্টর (টেলিকমিউনিকেশন)' পদে ৫২৬ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।
সাব-ইন্সপেক্টর (টেলিকমিউনিকেশন) : ফিজিক্স, কেমিস্ট্রি, অঙ্ক, ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা আবেদন এরপর ২ পাতায়

## অস্ত্র কারখানায় ৩,৮৮৩ অ্যাপ্রেন্টিস

### কোন ট্রেডে কোথায় ক'টি শূন্যপদ

নিজস্ব সংবাদদাতা, নাগপুর : কেন্দ্রীয় সরকারের প্রতিরক্ষা মন্ত্রকের অধীন পশ্চিমবঙ্গ-সহ দেশের ৩৮টি অস্ত্র তৈরির কারখানা 'ট্রেড অ্যাপ্রেন্টিস' হিসাবে ৩,৮৮৩ জন ছেলেমেয়েকে ট্রেনিং দিচ্ছে। এটি ৫৮তম ব্যাচের ট্রেনিং। এবার প্রার্থী বাছাই করবে যন্ত্র ইন্ডিয়া লিমিটেড (YIL).
শিক্ষাগত যোগ্যতা : অঙ্ক ও বিজ্ঞান অন্যতম বিষয় হিসাবে নিয়ে মাধ্যমিক পাশ ছেলেরা এই দুই বিষয়ের প্রতিটিতে ৪০% ও মাধ্যমিকে মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে এরপর ১২ পাতায়

## বিমা সংস্থায় ৫০০ অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : কেন্দ্রীয় সরকারি সংস্থা ন্যাশনাল ইনসিওরেন্স কোম্পানি লিমিটেড 'অ্যাসিস্ট্যান্ট' পদে ৫০০ জন লোক নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন, সেই রাজ্যের আঞ্চলিক ভাষায় কথাবার্তা বলা ও লেখায় দখল থাকতে হবে। বয়স হতে হবে ১-১০-২০২৪'র হিসাবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-১০-১৯৯৪ থেকে ১-১০-২০০৩'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,৬৪০-২১,০৫০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ১৫,০০০ টাকা। শূন্যপদ : ৫০০টি। এর মধ্যে পশ্চিমবঙ্গে ৫৮ (জেনাঃ ২৪, তঃজাঃ ১৫, এরপর ৫ পাতায়

## রেলের কয়েকটি পদের পরীক্ষার তারিখ বদল হল

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট, টেকনিশিয়ান, জুনিয়র ইঞ্জিনিয়ার আর রেলওয়ে প্রোটেকশন ফোর্সের সাব-ইন্সপেক্টর পদের জন্য অনলাইন কম্পিউটার বেসড পরীক্ষা (CBT) শুরু হচ্ছে ২৫ নভেম্বর থেকে।
রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড ৭ অক্টোবর এক বিজ্ঞপ্তিতে এই ৪টি পদের কম্পিউটার বেসড পরীক্ষার তারিখ ঘোষণা করেছিল। ২৪ অক্টোবর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ড আরো এক বিজ্ঞপ্তিতে জানায়, পরীক্ষা ২৫ নভেম্বর থেকেই হবে। তবে কয়েকটি পদের পরীক্ষার তারিখ কিছুটা বদল করা হয়েছে। কবে কোন পদের পরীক্ষা হবে তার নতুন তারিখ দেওয়া হল : এরপর ১১ পাতায়

## গার্ডেনরীচে ২৩০ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : গার্ডেনরিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স লিমিটেড 'ট্রেড অ্যাপ্রেন্টিস (এক্স-আই.টি.আই.), 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ফ্রেশার)', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস' ও 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে ২৩০ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য যোগ্য :
ট্রেড অ্যাপ্রেন্টিস (এক্স-আই.টি.আই.) : আই.টি.আই. থেকে ফিটার, ওয়েল্ডার (জি অ্যান্ড ই), ইলেক্ট্রিশিয়ান, মেশিনিস্ট, পাইপ ফিটার, কার্পেন্টার, ড্রাফটসম্যান (মেকানিক্যাল), প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট, ইলেক্ট্রনিক মেকানিক, পেইন্টার, মেকানিক (ডিজেল), ফিটার (স্ট্রাকচারাল), সেক্রেটারিয়েল অ্যাসিস্ট্যান্ট (ইংলিশ), মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি সিস্টেম মেন্টেন্যান্স, রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক ট্রেডে এন.সি.ভি.টি.'র দেওয়া ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা, অল ইন্ডিয়া ট্রেড টেস্ট পাশ করে থাকলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। তবে ফিটার ট্রেডের প্রার্থীরা ফিটার (স্ট্রাকচারাল), এরপর ৪ পাতায়

## স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে স্কুলে শিক্ষক নিয়োগের নিয়ম বদলাল

নিজস্ব সংবাদদাতা, কলকাতা: স্কুলে শিক্ষক-শিক্ষিকা পদে নিয়োগে মধ্যশিক্ষা পর্ষদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ ওঠায় এবার নিয়োগে স্বচ্ছতা আনতে মধ্যশিক্ষা পর্ষদকে এই নিয়োগ প্রক্রিয়া থেকে সরানো হচ্ছে। বামফ্রন্ট আমলে যে পদ্ধতিতে নিয়োগ হত, সেই এরপর ১১ পাতায়


## উচ্চপ্রাথমিকে ১৪,০৫২ শূন্যপদে নিয়োগে সুপ্রিম কোর্টের আদেশ

### আর কোনো মামলা নয়

বিশেষ সংবাদদাতা, নয়াদিল্লি : উচ্চ প্রাথমিকের শিক্ষক-শিক্ষিকা নিয়োগের জন্য চূড়ান্ত অনুমোদন দিল সুপ্রিম কোর্ট। ২৫ অক্টোবর, সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি. ওয়াই. চন্দ্রচূড় সাফ জানিয়ে দিয়েছেন, ১৪,০৫২টি শূন্যপদে নিয়োগের জন্য আর কোনো মামলা হবে না। ২০১৬ সালে এই নিয়োগের প্রথম বিজ্ঞপ্তি বেরোয়। তারপর থেকে প্রতি ধাপে ধাপে একাধিক মামলা হয় এই নিয়োগের ওপর। তাই এই নিয়োগের ওপর আর কোনো মামলা হবে না। কলকাতা হাই কোর্টের রায়কে মান্যতা দিয়ে শুক্রবার শীর্ষ আদালতের প্রধান বিচারপতির বেঞ্চ জানিয়েছে, এ বিষয়ে কোনো হস্তক্ষেপ করা যাবে না। ফলে আর নিয়োগে এরপর ২ পাতায়

## ব্যবসা: হাতে তৈরি জাঙ্ক জুয়েলারি

কম পুঁজিতে নানা ব্যবসার সুলুকসন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু



হাতে তৈরি গয়না হল এমন গয়না, যা মেশিনের সাহায্য না নিয়ে হাতে তৈরি করা হয়। আজকাল হস্তনির্মিত গয়না বিশ্বজুড়ে বেশ জনপ্রিয়তা পেয়েছে। কারণ হাতে তৈরি গয়না অনন্য শিল্পের পরিচয় বহন করে, অনন্য ব্যক্তিত্ব ফুটিয়ে তোলে। ফলে হাতে তৈরি গয়নার চাহিদাও প্রচুর বেড়েছে। এরপর ৪ পাতায়

গতবারের মতো এবারেও কমন পেতে হলে কিনুন
রাজ্য পুলিশের Constable
২০২৪ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ~~৬০০/-টাকা~~ ৩০০/-টাকা
সাফল্য

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

**স্কুল-কলেজ-শিক্ষা**

প্রখ্যাত হস্তরেখাবিদ ঋষিকুমার ঢাকুরিয়া চেম্বারে, বাড়ি গিয়ে, অনলাইনে জ্যোতিষ শিক্ষা দেন। যোগাযোগ- 9874788370

MS

**রেল● রেল● রেল**
**TECH/NTPC সাফল্যের ইতিকথা**
ক্যাসেস্ (শিয়ালদহ, কলি- 9, M: 9123325910 / 9062756906) বিঃদ্রঃ বহু প্রতীক্ষিত রেলওয়ে সেমিনারটি আগামী 24.11.24 তারিখে অনুষ্ঠিত হবে। বিস্তারিত জানতে উপরোক্ত নম্বরে ফোন করুন।

SH

**স্কুল-কলেজ-শিক্ষা**

**চুঁচুড়া (মাসিক মাহিনায়)**
NTPC (Rail), CGL, H.S. Lvl., MTS, All Force, WBCS
9073447917, 9330496007

SH

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 7890135514

**কর্মখালি**

কলকাতা মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব ভ্যাকেন্সি। কোন পরীক্ষা ছাড়াই নিয়োগ। মোট আসন-2786, স্যালারি - 30K to 94K. Age - 18+ -55 M/F নিয়োগ। থাকা খাওয়া ফ্রী পুরো PF, ESI, বোনাস সুবিধা অষ্টম - স্নাতক। M : 7407645389

SA

**নিয়োগ সমাচার**
WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে জেলা ভিত্তিক বিভিন্ন পদে ও অফিসিয়াল কাজের জন্য কর্মী চাই। যোগ্যতা - ৮ম - স্নাতক, বেতন - 19K - 54K + OT, ESI, PF, বোনাস, যোগাযোগ- 7063488605

SA

**কর্মখালি**

**ডায়রেক্ট জয়েনিং**
কোলকাতা মেট্রো রেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP-স্নাতক, বয়স : (18-45), বেতন : (18K-62K), PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা। Mob-9051218937

SA

**জরুরি বিজ্ঞপ্তি**
এয়ারপোর্ট-এ বিভিন্ন কাজে যোগ্যতানুযায়ী স্থায়ী পদে নিয়োগ চলছে। M/F উভয়। যোগ্যতা- M/P-স্নাতক। বেতন- 18000/-56000/-বয়স- 18-45. থাকা ও খাওয়া সহ অন্যান্য সুবিধা পাবেন। যোগাযোগ (M): 9874944828

SA

**কর্মখালি**

**আর্জেন্ট ভ্যাকান্সি**
কোলকাতা, দমদম ও শিলিগুড়ি বাগডোগড়া এয়ারপোর্ট-এ যোগ্যতানুযায়ী M/F নিয়োগ চলছে। যোগ্যতা- MP-স্নাতক। বেতন- 18200/-56700/-. বয়স- 18-45. থাকা খাওয়া সহ PF, ESI, বোনাস, প্রোমোশন-এর সুবিধা। সত্বর যোগাযোগ : 9062529664

SA

**কর্মখালি**

**আর্জেন্ট ভ্যাকান্সি ব্যাঙ্কে স্থায়ী চাকরি**
প্রাইভেট ব্যাঙ্কে নিজের যোগ্যতা অনুযায়ী পার্মানেন্ট চাকরি। M/F মোট 180 জন প্রয়োজন। নিজের জেলায় পোস্টিং। ৮ম পাশ হতে হবে। বোনাস, OT, PF ও প্রমোশন আছে। বেতন- 21000+. যোগাযোগ: M- 8348563709

SA

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## বিশেষ বিজ্ঞপ্তি

চাকরির লোভে অযথা কোনো সংস্থাকে টাকা দেবেন না। কোনো বিজ্ঞাপনদাতাকে টাকা দিয়ে ঠকলে, আমরা কোনোভাবে দায়বদ্ধ নয়।

— সম্পাদক, 'কর্মসংস্থান'

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকি কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী থাকব না।

— সম্পাদক, কর্মসংস্থান

## উচ্চপ্রাথমিকে

১ পাতার পর

কোনো বাধা রইল না। উচ্চ প্রাথমিকে নিয়োগ নিয়ে হাই কোর্টের রায় চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টে মামলা হয়েছিল। এদিন সেই আপত্তি খারিজ করে দিয়েছে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি ডি. ওয়াই. চন্দ্রচূড়ের ডিভিশন বেঞ্চ। এই রায়ের ফলে দ্রুত নিয়োগ হবে বলে আশাবাদী চাকরিপ্রার্থীরা।

উচ্চ প্রাথমিকে ১৪,০৫২টি শূন্যপদে নিয়োগের আদেশ দিয়েছিল হাই কোর্ট। ওই আদেশ সংরক্ষণ নীতির বিরোধী, এই দাবি তুলে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছেন রাজীব ব্রহ্ম-সহ কয়েকজন চাকরিপ্রার্থী। ফলে ওই নিয়োগ প্রক্রিয়ায় নতুন করে জট তৈরি হয়েছিল। সুপ্রিম কোর্টের আদেশে সেই জট কাটল। শুক্রবার উচ্চ প্রাথমিকের মামলাটি সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি চন্দ্রচূড়ের বেঞ্চে শুনানির জন্য উঠেছিল। আদালত জানিয়েছে, ১৪,০৫২টি শূন্যপদে কলকাতা হাই কোর্টের আদেশ অনুযায়ী নিয়োগ হবে। নিয়োগপত্র দিতে বাধা নেই। নিয়োগ প্রক্রিয়ায় সুপ্রিম কোর্ট হস্তক্ষেপ করবে না। উচ্চ প্রাথমিক মামলায় গত ২৮ আগস্ট কলকাতা হাই কোর্টের বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি পার্থসারথি চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ রায় দিয়ে জানিয়েছিল, নতুন করে মেধা তালিকা প্রকাশ করতে হবে স্কুল সার্ভিস কমিশনকে। তার ভিত্তিতে তারা কাউন্সেলিং করে চাকরিতে নিয়োগ করবে। আদালতের ওই রায়ের ফলে প্রায় ৮ বছর পরে ১৪,০৫২টি পদে নিয়োগ শুরু করেছিল স্কুল সার্ভিস কমিশন। পুজোর আগেই এই নিয়োগ প্রক্রিয়া শুরু হয়েছিল। মাঝে আইনি জটে তা থমকে গেলেও, প্রথম পর্যায়ের কাউন্সেলিংয়ের কাজ অর্ধেক এগিয়েছিল। কাউন্সেলিং শেষে নিয়োগপত্র দেওয়ার প্রস্তুতিও শেষ। আগামী ১১ নভেম্বর দ্বিতীয় পর্যায়ের কাউন্সেলিং শুরু হবে। এই পর্যায়ে ৮,০৯১ জন প্রার্থীকে ডাকা হবে কাউন্সেলিংয়ে। এবার শীর্ষ আদালতের এই রায়ের পর নিয়োগ দ্রুত হবে বলে আশাবাদী সবাই।

উল্লেখ্য, ২০১৬ সাল থেকে উচ্চ প্রাথমিকের এই নিয়োগ প্রক্রিয়া থেমে ছিল। হাই কোর্টের আদেশে বার বার ১৪ হাজারের বেশি পদে নিয়োগ স্থগিত হয়ে গেছে। ২০২০ সালে নিয়োগ প্রক্রিয়াটি বাতিল করে দিয়েছিল উচ্চ আদালত। তারপর ২০২৩ সালে প্যানেল প্রকাশ করার অনুমতি দেওয়া হয়েছিল। তখন ডিভিশন বেঞ্চ জানিয়েছিল, প্যানেল প্রকাশ করা যেতে পারে, তবে কাউকে নিয়োগের সুপারিশ করতে পারবে না এসএসসি। এর পরে মামলাটি যায় নতুন ডিভিশন বেঞ্চে। গত ১৮ জুলাই বিচারপতি চক্রবর্তী ও বিচারপতি চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চে এই সংক্রান্ত শুনানি শেষ হয়। রায় ঘোষণা হয় ২৮ আগস্ট। এসএসসির এই নিয়োগ প্রক্রিয়ার বিরুদ্ধে অভিযোগ ছিল, কাউন্সেলিংয়ের সময় এখানে সংরক্ষণ নীতি মানা হয়নি। তফশিলি জাতি ও জনজাতিদের সংরক্ষণ নিয়ে একাধিক প্রশ্ন ওঠে। এমনকি, সেখানে মহিলাদের সংরক্ষণ নিয়েও ত্রুটি ছিল বলে আদালতে জানান মামলাকারীদের আইনজীবী। ওএমআর শিটেও গোলমালের আশঙ্কা প্রকাশ করা হয়েছিল।

## ৫২৬ কনস্টেবল ও হেড-কনস্টেবল

১ পাতার পর

করতে পারেন। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল বা, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি (বি.ই.) কোর্স পাশরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ২০ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। শূন্যপদ: ৯২টি। এর মধ্যে ছেলেদের জন্য ৭৮টি (জেনাঃ ৩১, ও.বি.সি. ২১, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ই.ডব্লু.এস. ৮)। মেয়েদের জন্য ১৪টি (জেনাঃ ৬, ও.বি.সি. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**হেড কনস্টেবল (টেলিকমিউনিকেশন) :** ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ওই তিন বিষয়ে মোট অন্তত ৪৫% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। মাধ্যমিক পাশরা আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রিক্যাল বা, কম্পিউটার ট্রেডের ২ বছরের সার্টিফিকেট কোর্স পাশ হলেও আবেদনের যোগ্য। ফিজিক্স, কেমিস্ট্রি ও অঙ্ক বিষয় নিয়ে সায়েন্স শাখায় মাধ্যমিক পাশরা পলিটেকনিক থেকে ইলেক্ট্রনিক্স, কমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স, ইনফর্মেশন টেকনোলজি বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে। মূল মাইনে : ২৫,৫০০-৮১,১০০ টাকা। শূন্যপদ: ৩৮৩টি। এর মধ্যে ছেলেদের জন্য ৩২৫টি (জেনাঃ ১২৩, ও.বি.সি. ৯০, তঃজাঃ ৫০, তঃউঃজাঃ ২৬, ই.ডব্লু.এস. ৩৬)। মেয়েদের জন্য ৫৮টি (জেনাঃ ২২, ও.বি.সি. ১৬, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৫, ই.ডব্লু.এস. ৬)।

**কনস্টেবল (টেলিকমিউনিকেশন) :** মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। আই.টি.আই. বা, অন্য কোনো প্রতিষ্ঠান থেকে যে কোনো ট্রেডে সার্টিফিকেট বা, ডিপ্লোমা কোর্স পাশ হতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ২৩ বছরের মধ্যে। মূল মাইনে : ২১,৭০০-৬৯,১০০ টাকা। শূন্যপদ : ৫১টি। এর মধ্যে ছেলেদের জন্য ৪৪টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৫)। মেয়েদের জন্য ৭টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে উচ্চতা (হাইট বার টেস্ট) মাপা হবে। এরপর শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। তারপর লিখিত পরীক্ষা ও ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৫ নভেম্বর থেকে ১৪ ডিসেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://recruitment.itbpolice.nic.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো, সিগনেচার ও যাবতীয় প্রমাণ পত্র আপলোড করবেন। এবার পরীক্ষা ফী বাবদ সাব-ইন্সপেক্টর পদের বেলায় ২০০ টাকা আর হেড কনস্টেবল ও কনস্টেবল পদের বেলায় ১০০ টাকা নেট ব্যাঙ্কিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডে জমা দেবেন। তপশিলী, মহিলা ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## কেন্দ্রীয় সরকারে ৭৫ সায়েন্টিস্ট

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল টেকনিক্যাল রিসার্চ অর্গানাইজেশন 'সায়েন্টিস্ট -বি' পদে ৭৫ জন লোক নিচ্ছে। কারা কোন শাখার জন্য যোগ্য :

**ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন :** ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স কমিউনিকেশন অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড পাওয়ার, টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইনফর্মেশন অ্যান্ড কমিউনিকেশন, কমিউনিকেশন অপটিক্স অ্যান্ড অপ্টো ইলেক্ট্রনিক্স বা, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইলেক্ট্রনিক্স অ্যান্ড কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স, রেডিও ফিজিক্স অ্যান্ড ইলেক্ট্রনিক্স বিষয়ের প্রথম শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে গেট-২০২২, ২০২৩, ২০২৪ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। শূন্যপদ : ৩৫টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৩, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৭)।

**কম্পিউটার সায়েন্স :** কম্পিউটার সায়েন্স, কম্পিউটার, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজির প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। সব ক্ষেত্রে গেট-২০২২, ২০২৩, ২০২৪ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৮)।

**জিওইনফর্মেটিক্স অ্যান্ড রিমোট সেন্সিং :** জিওইনফর্মেটিক্স, জিওইনফর্মেটিক্স অ্যান্ড রিমোট সেন্সিং, সিভিল, ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। জিওইনফর্মেটিক্স, রিমোট সেন্সিং অ্যান্ড জিওইনফর্মেটিক্সের প্রথম শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে গেট-২০২২, ২০২৩, ২০২৪ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**ম্যাথমেটিক্স :** সায়েন্স, ম্যাথমেটিক্স, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স, ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিং, ম্যাথমেটিক্যাল সায়েন্সের প্রথম শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি কিংবা ম্যাথমেটিক্স অ্যান্ড কম্পিউটিংয়ের প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। সব ক্ষেত্রে গেট-২০২২, ২০২৩, ২০২৪ পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ২, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৮-১১-২০২৪'এর হিসাবে ৩০ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে, ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে কলকাতা, গুয়াহাটিতে। ২০০ নম্বরের পরীক্ষায় ১০০টি প্রশ্ন হবে। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। সময় থাকবে ১২০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। এরপর হবে ৫০ নম্বরের ইন্টারভিউ। চূড়ান্ত তালিকা তৈরির সময় 'গেট' স্কোর দেখা হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৮ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://recruit-ndl.nielit.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ক্লার্কশিপ পরীক্ষার অ্যাডমিট কার্ড

১ পাতার পর

ওয়েবসাইটে : https://psc.wb.gov.in এই পদের জন্য এবার দরখাস্ত করেছে ৭,১৪,৪১৩ জন প্রার্থী।

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং 1(11)/2020'এর ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (অ্যাগ্রিকালচারল ইঞ্জিনিয়ারিং) পদের ইন্টারভিউ হবে ১১ নভেম্বর। বিজ্ঞপ্তি নং 1(2)/2020'এর ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (কেমিস্ট্রি) পদের ইন্টারভিউ হবে ২৬, ২৭, ২৮ নভেম্বর ও ৩-৬ ডিসেম্বর। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : https://psc.wb.gov.in

## পাওয়ার গ্রিডে ৭০৮

১ পাতার পর

লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ডিপ্লোমা ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) :** পলিটেকনিক থেকে ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (পাওয়ার), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং বা, পাওয়ার ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) ট্রেডের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৭০% (তপশিলী উপজাতি হলে সাধারণ ভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ২৭,৫০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২৫,০০০-১,০৮,০০০ টাকা।

**ডিপ্লোমা ট্রেনি (সিভিল) :** পলিটেকনিক থেকে সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৭০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। স্টাইপেন্ড মাসে ২৭,৫০০ টাকা। সফল হলে মূল মাইনে : ২৫,০০০-১,০৮,০০০ টাকা।

**জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে বি.বি.এ., বি.বি.এম., বি.বি.এস. কোর্স পাশরা আবেদন করতে পারেন। সফল হলে মূল মাইনে : ২৫,০০০-১,০৮,০০০ টাকা।

**জুনিয়র অফিসার ট্রেনি (এফ অ্যান্ড এ) :** চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি বা, সি.এম.এ.'র ইন্টার কোর্স পাশরা আবেদন করতে পারেন। সফল হলে মূল মাইনে : ২৫,০০০-১,০৮,০০০ টাকা।

**অ্যাসিস্ট্যান্ট ট্রেনি (এফ অ্যান্ড এ) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে বি.কম. কোর্স পাশরা আবেদন করতে পারেন। সফল হলে মূল মাইনে : ২১,৫০০-৭৪,০০০ টাকা।

সব পদের বেলায় বয়স হতে হবে ১২-১১-২০২৪'র হিসাবে ২৭ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। কোন রিজিয়নে ক'টি শূন্যপদ:

**শূন্যপদ : ইস্টার্ন রিজিয়ন-১ : পোস্ট আইডি ৪৩২ :** ইলেক্ট্রিক্যাল শাখায় - ২৬টি (জেনাঃ ১১, ই.ডব্লু.এস ২, ও.বি.সি. ৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২)। **পোস্ট আইডি ৪৪৪** : সিভিল শাখায় - ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। **পোস্ট আইডি ৪৫৫** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ৫টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১)।

**ইস্টার্ন রিজিয়ন-২ : পোস্ট আইডি ৪৩৩ :** ইলেক্ট্রিক্যাল শাখায় - ২৫টি (জেনাঃ ১১, ই.ডব্লু.এস ২, ও.বি.সি. ৬, তঃজাঃ ৬)। **পোস্ট আইডি ৪৫৬** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**ওড়িশা রিজিয়ন : পোস্ট আইডি ৪৩৪ :** ইলেক্ট্রিক্যাল শাখায় - ১৭টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস ১, ও.বি.সি. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩)। **পোস্ট আইডি ৪৪৫** : সিভিল শাখায় - ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৪৫৭** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ৫টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**পোস্ট আইডি ৪৬৭** : জুনিয়র অফিসার ট্রেনি (এফ অ্যান্ড এ) - ৫টি (জেনাঃ ৪, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৪৭০** : অ্যাসিস্ট্যান্ট ট্রেনি (এফ অ্যান্ড এ) - ৫টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)।

**নর্থ রিজিয়ন-১ : পোস্ট আইডি ৪৩৬ :** ইলেক্ট্রিক্যাল শাখায় - ৬৩টি (জেনাঃ ২৭, ও.বি.সি. ১৪, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ২, ই.ডব্লু.এস ৬)। **পোস্ট আইডি ৪৪৭** : সিভিল শাখায় - ৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ২)। **পোস্ট আইডি ৪৫৯** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ১২টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ৩)।

**নর্থ রিজিয়ন-২ : পোস্ট আইডি ৪৩৭ :** ইলেক্ট্রিক্যাল শাখায় - ৬০টি (জেনাঃ ২৭, ই.ডব্লু.এস ৫, ও.বি.সি. ১৪, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ২)। **পোস্ট আইডি ৪৪৮** : সিভিল শাখায় - ৭টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। **পোস্ট আইডি ৪৬০** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ৫টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**নর্থ রিজিয়ন-৩ : পোস্ট আইডি ৪৩৮ :** ইলেক্ট্রিক্যাল শাখায় - ৬৯টি (জেনাঃ ২৮, ই.ডব্লু.এস ৭, ও.বি.সি. ১৭, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৩)। **পোস্ট আইডি ৪৪৯** : সিভিল শাখায় - ৬টি (জেনাঃ ৩, ও.বি.সি. ২, তঃজাঃ ১)। **পোস্ট আইডি ৪৬১** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

**সাউথ রিজিয়ন-১ : পোস্ট আইডি ৪৩৯ :** ইলেক্ট্রিক্যাল শাখায় - ৬৩টি (জেনাঃ ২৫, ই.ডব্লু.এস ৫, ও.বি.সি. ১৮, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ৪)। **পোস্ট আইডি ৪৫০** : সিভিল শাখায় - ৪টি (জেনাঃ ২, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। **পোস্ট আইডি ৪৬২** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ৫টি (জেনাঃ ২, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ১)।

**সাউথ রিজিয়ন-২ : পোস্ট আইডি ৪৪০ :** ইলেক্ট্রিক্যাল শাখায় - ৫৯টি (জেনাঃ ২৪, ই.ডব্লু.এস ৬, ও.বি.সি. ১৫, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ২)। **পোস্ট আইডি ৪৫১** : সিভিল শাখায় - ১৪টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ৩)। **পোস্ট আইডি ৪৬৩** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ৯টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ২)। **পোস্ট আইডি ৪৬৮** : জুনিয়র অফিসার ট্রেনি (এফ অ্যান্ড এ) - ১৩টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)। **পোস্ট আইডি ৪৭১** : অ্যাসিস্ট্যান্ট ট্রেনি (এফ অ্যান্ড এ) - ১৭টি (জেনাঃ ১০, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২)।

**ওয়েস্টার্ন রিজিয়ন-১ : পোস্ট আইডি ৪৪১ :** ইলেক্ট্রিক্যাল শাখায় - ৬৭টি (জেনাঃ ৩২, ই.ডব্লু.এস ৬, ও.বি.সি. ১৩, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৭)। **পোস্ট আইডি ৪৫২** : সিভিল শাখায় - ৫টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)। **পোস্ট আইডি ৪৬৪** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ৪টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**ওয়েস্টার্ন রিজিয়ন-২ : পোস্ট আইডি ৪৪২ :** ইলেক্ট্রিক্যাল শাখায় - ১০৪টি (জেনাঃ ৪৬, ই.ডব্লু.এস ১০, ও.বি.সি. ২১, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ১৮)। **পোস্ট আইডি ৪৫৩** : সিভিল শাখায় - ৪টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। **পোস্ট আইডি ৪৬৫** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। **পোস্ট আইডি ৪৬৯** : জুনিয়র অফিসার ট্রেনি (এফ অ্যান্ড এ) - ১টি (তঃউঃজাঃ)।

**কর্পোরেট সেন্টার : পোস্ট আইডি ৪৩১ :** ইলেক্ট্রিক্যাল শাখায় - ১৪টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস ১, ও.বি.সি. ৪, তঃজাঃ ২)। **পোস্ট আইডি ৪৪৩** : সিভিল শাখায় - ৬টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। **পোস্ট আইডি ৪৫৪** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ১৪টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ২)। **পোস্ট আইডি ৪৬৬** : জুনিয়র অফিসার ট্রেনি (এফ অ্যান্ড এ) - ১৬টি (জেনাঃ ৯, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ৩, তঃজাঃ ৩)।

**নর্থ ইস্টার্ন রিজিয়ন : পোস্ট আইডি ৪৩৫ :** ইলেক্ট্রিক্যাল শাখায় - ৩৩টি (জেনাঃ ২৬, ই.ডব্লু.এস ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১১)। **পোস্ট আইডি ৪৪৬** : সিভিল শাখায় - ৭টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২)। **পোস্ট আইডি ৪৫৮** : জুনিয়র অফিসার ট্রেনি (এইচ.আর.) - ৭টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ২)।

প্রার্থী বাছাই হবে কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। পরীক্ষা হবে জানুয়ারি-ফেব্রুয়ারিতে, কলকাতা, শিলিগুড়ি, পাটনা, রাঁচী, দিল্লি-সহ একাধিক শহরে। ২ ঘন্টার পরীক্ষায় থাকবে দু'টি পার্ট। প্রথম পার্টে ১২০টি প্রশ্ন হবে টেকনিক্যাল সংক্রান্ত। পার্ট-।। তে থাকবে সুপারভাইজরি অ্যাপ্টিটিউড টেস্ট। এই টেস্টে থাকবে ৫০টি প্রশ্ন এইসব বিষয়ে : ভোকাবুলারি, ভার্বাল কমপ্রিহেনশন, কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবিলিটি, ডাটা সাফিসিয়েন্সি ও ইন্টারপ্রিটেশন, নিউমেরিক্যাল এবিলিটি। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে এক নম্বর কাটা হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : CC/10/2024. Date: 22-10-2024.

দরখাস্ত করবেন অনলাইনে, ১২নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.powergrid.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ডিপ্লোমা ট্রেনি ও জুনিয়র অফিসার ট্রেনি পদের বেলায় ৩০০ টাকা আর অ্যাসিস্ট্যান্ট ট্রেনি (এফ অ্যান্ড এ) পদের বেলায় ২০০ টাকা অনলাইনে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। অনলাইনে দরখাস্ত করার পর ওয়েবসাইট থেকে সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটেই পাবেন।

## ইউনিয়ন ব্যাঙ্কে ১,৫০০

১ পাতার পর

টাকা। শূন্যপদ : পশ্চিমবঙ্গ ১০০টি (জেনাঃ ৪১, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৭, ই.ডব্লু.এস. ১০)। এর মধ্যে প্রতিবন্ধী ৪টি। আন্ধ্রা প্রদেশ ২০০টি, অসম ৫০টি, গুজরাট ২০০টি, কর্ণাটক ৩০০টি, কেরল ১০০টি, মহারাষ্ট্র ৫০টি, ওড়িশা ১০০টি, তামিলনাড়ু ২০০টি, তেলেঙ্গানা ২০০টি। প্রার্থী বাছাই হবে অনলাইন টেস্টের মাধ্যমে। এই পরীক্ষায় অবজেক্টিভ টাইপের ২০০ নম্বরের ১৫৫টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) রিজনিং অ্যান্ড কম্পিউটার অ্যাপ্টিটিউড-৬০ নম্বরের ৪৫টি প্রশ্ন, (২) জেনারেল / ইকনমি / ব্যাঙ্কিং অ্যাওয়ারনেস - ৪০ নম্বরের ৪০টি প্রশ্ন, (৩) ডাটা অ্যানালাইসিস অ্যান্ড ইন্টারপ্রিটেশন - ৬০ নম্বরর ৩৫টি প্রশ্ন, (৪) ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৪০ নম্বরের ৩৫টি প্রশ্ন। সময় থাকবে ১৮০ মিনিট। অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে।

এছাড়াও ডেসক্রিপ্টিভ টাইপের পার্টে ২৫ নম্বরের ২টি প্রশ্ন থাকবে ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয়ে। এই পার্টে চিঠি ও প্রবন্ধ লেখা থাকবে। সফল হলে মোট শূন্যপদের ৩ গুণ প্রার্থীকে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউয়ের জন্য ডাকা হবে। ইন্টারভিউয়ে থাকবে ১০০ নম্বর। তারপর হবে ল্যাঙ্গোয়েজ প্রফিসিয়েন্সি টেস্ট। পরীক্ষা হবে কলকাতা, আসানসোল, হাওড়া, দুর্গাপুর, হুগলি, কল্যাণী ও শিলিগুড়ি।

দরখাস্ত করবেন অনলাইনে, ১৩ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.unionbankofindia.co.in অনলাইনে দরখাস্ত করার সময় বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন ইত্যাদি যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। এছাড়াও নিচের প্যারাগ্রাফটি হাতে লিখে স্ক্যান করে নেবেন : 'I ---- (name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্মের ২ কপি প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন, যা ইন্টারভিউয়ের সময় দেখাতে হবে। ইন্টারভিউয়ের সময় যাবতীয় প্রমাণপত্র নিয়ে যাবেন।


কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য
সরাসরি যোগাযোগ
✆: 9830795430


## কেন্দ্রীয় সংস্থায় বিনামূল্যে ট্রেনিং প্রোগ্র্যাম




সৈকত হালদার, হাওড়া : কেন্দ্রীয় সরকারের ক্ষুদ্র, ছোটো ও মাঝারি শিল্প মন্ত্রকের অধীন এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টারে ২০২৪-'২৫ সেশনে এনসিভিটি-স্বীকৃত সম্পূর্ণ বিনামূল্যে তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য ক্যাটেগরির ছেলেমেয়েদের জন্য এই ৫টি ট্রেনিং প্রোগ্র্যামে ভরতি নিচ্ছে : (১) সোলার পাওয়ার ইন্সটলেশন— অপারেশন অ্যান্ড মেন্টেন্যান্স (৮০ ঘন্টার কোর্স)। উচ্চমাধ্যমিক বা, ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা অথবা যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। (২) অ্যাডভান্সড ইন্টিগ্রেটেড অঁত্রেপ্রেনিওরশিপ ডেভেলপমেন্ট প্রোগ্র্যাম (পেট বটল, টয়লেট পেপার, সয়া মিল্ক, টেলারিং ইত্যাদি) ম্যানুফ্যাকচারিং কোর্সেস (১৮০ ঘন্টার কোর্স)। ১৮ বছরের উর্ধ্বে পড়তে লিখতে পারে এমন ছেলেমেয়েরা আবেদনের যোগ্য। (৩) ফাউন্ডেশন কোর্স ইন আই.ও.টি (৯০ ঘন্টার কোর্স)।

### ফ্রী কর্মমুখী ট্রেনিং

ইলেক্ট্রিক্যাল / ইলেক্ট্রনিক্স / কম্পিউটার সায়েন্স / আই.টি-তে ডিপ্লোমা / আই.টি.আই / গ্র্যাজুয়েট পাশ ছেলেমেয়েরা আবেদনের যোগ্য। (৪) ডিজিট্যাল মার্কেটিং অ্যাসিস্ট্যান্ট (১৪৪ ঘন্টার কোর্স। (৫) কোর্স অন কম্পিউটার কনসেপ্টস (৮০ ঘন্টার কোর্স)। ওপরের শেষ দু'টি কোর্সের বেলায় উচ্চমাধ্যমিক / আই.টি.আই পাশ ছেলেমেয়েরা আবেদনের যোগ্য। এছাড়াও কম্পিউটারে বেসিক নলেজ থাকতে হবে। ওপরের সব কোর্স কেন্দ্রীয় সরকারের এম.এস.এম.ই স্বীকৃত। এখানে আধুনিক পরিকাঠামোর যেমন সুবিধা আছে, তেমন রয়েছে ইন্ডাস্ট্রির সেরা সেরা অভিজ্ঞ শিক্ষক। সব ক্ষেত্রে অন দ্য জব ট্রেনিং ও ইন্ডাস্ট্রি ভিজিটের সুযোগ রয়েছে। চাকরির ক্ষেত্রে সর্বতোভাবে সাহায্য করা হয়। আগে আসার ভিত্তিতে ভর্তি নেওয়া হয়। ভরতির জন্য লাগবে ৩টি স্ব-প্রত্যয়িত পাশপোর্ট মাপের ফটো, বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, আধার কার্ড, প্যান কার্ডের স্ব-প্রত্যয়িত নকল। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১ নভেম্বর। ক্লাস শুরু হবে ৪ নভেম্বর থেকে। যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : এনএসআইসি- টেকনিক্যাল সার্ভিসেস সেন্টার, জাপানিগেট, বাল্টিকুরি, হাওড়া-৭১১১১৩। ফোন- ৯০৩৮৩৯৬৫৬৩, ৮১৩৪৯৯৪৯৮৯, ৮৭৭৭৮২৮৪২১। ওয়েবসাইট : https://www.nsic.co.in/NTSC/NTSC-Howrah.


ADMISSION FOR NEW BATCH 2025
COMBINED CIVIL SERVICES PREPARATORY COURSE 2025 (FOR BOTH IAS AND WBCS)
G. D. STUDY CIRCLE
P-3, Suhrawardy Avenue, Beside Lady Brabourne College, Park Circus, Kolkata-17
FEATURES
1) Weekly classes (Saturday, Sunday) (8 classes per week)
2) Mock Tests (Around 300+) by highly experienced faculties
3) Total No. of classes : 200+ / Duration 11 months
4) Classes & Tests on descriptive writings
5) These classes are must for upcoming UPSC CSE, WBCS, WBPSC Misc. service and other one day exams
6) Session will start from mid-November, 2024
ELIGIBILITY Graduate or Final Year Graduate Course
Apply for admission mentioning name, address and mobile number through e-mail : gdacademykol@gmail.com or whatsapp 9732188957
LAST DATE OF APPLICATION . 15-11-2024



গত বছরের মতো 'এ' বছরেও
- PSC ক্লার্কশিপ পরীক্ষায়
- কলকাতা ও রাজ্য পুলিশে কনস্টেবল পরীক্ষায়
- RPF কনস্টেবল, রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট, NTPC ও জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষায়
- ৮ কেন্দ্রীয় বাহিনী পরীক্ষায়

'Common' পেতে
আর
সাব-ইন্সপেক্টর, SSC স্টেনো ও MTS, জেলা আদালত, IBPS সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন
সাফল্য সাফল্য সাধারণ জ্ঞান
চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন
হেল্প লাইন : 6291684943

# হাতে তৈরি জাঙ্ক জুয়েলারি

ব্যবসা

১ পাতার পর


সুকৃৎ বসু

কমিউনিটি কলেজ। এই ইনস্টিটিউটটি তামিলনাড়ু ওপেন ইউনিভার্সিটির অনুমোদিত।

(২) TNOU ডিপ্লোমা ইন জুয়েলারি মেকিং সার্টিফিকেট কোর্স পরিচালনা করে।

কৃত্রিম বিভিন্ন ধরনের হাতে তৈরি গয়না তৈরির সৃজনশীল প্রতিভা থাকলে সাফল্য পেতে অনেকাংশে সাহায্য করে। সৃজনশীলতার সঙ্গে সঙ্গে ট্রেনিং পেলে সৃষ্টিতে অনন্যতা আসে।

## জুয়েলারি তৈরির কাঁচামাল কোথায় পাওয়া যায়

(১) **Wool Emporium,** ১, হিন্দুস্থান মার্কেট, ১৫৯/১বি রাসবিহারী অ্যাভিনিউ, গড়িয়াহাট জংশন, কলকাতা- ৭০০০২৯। মোবাইল : ৯৮৩০৪১৭৫২৯।

(২) **HD Fashion,** গণপতি টাওয়ার, ১১ শিব ঠাকুর লেন (আইসিআইসিআই ব্যাঙ্কের কাছে), বড়বাজার, কলকাতা। মোবাইল : ৯৮৩৬৩৭৫০০৪।

(৩) **Rajyashree General Stores,** ৯বি/১, মধুসূদন মুখার্জি রোড, বলরাম হাসপাতালের কাছে, খড়দহ, কলকাতা- ৭০০১১৬।

**Online Shopping :** Siri Beads (Facebook Name), 9886675164.

## এই ব্যবসায় কী কী লাইসেন্স বা পারমিট লাগে :

- **ব্যবসায় রেজিস্ট্রেশন :** রেজিস্ট্রার অফ কোম্পানিতে (ROC) রেজিস্ট্রেশন করতে হবে।
- **ট্রেড লাইসেন্স :** বাধ্যতামূলক।
- **GST রেজিস্ট্রেশন :** ২০ লাখের বেশি টার্নওভার হলে।
- **MSME :** সরকারি সুবিধা আর ভরতুকি পেতে।

## হাতে তৈরি গয়নার ট্রেন্ড/থিম

হাতে তৈরি গয়নার কদরই আলাদা। দোকান থেকে কেনা মেশিন-কাট গয়না যতই বাহারি হোক না কেন, হাতে তৈরি গয়না একেবারেই অন্যরকম। এই গয়নায় মিলে মিশে থাকে নিজের কল্পনা, আদর আর যত্ন। ফলে জ্যামিতিগতভাবে সে কাজ নিখুঁত না হলেও সৃষ্টিতে নিজেরাই স্বয়ংসম্পূর্ণ। গলার হার, চোকার, দুল, টিকলি, আংটি, রিস্টলেট, চুড়ি ইত্যাদি সবকিছুই হাতে তৈরি করা যায়। তার উপকরণও কম নয়। পুঁতি, উল, রেশমি সুতো, পাথর ডোকরা, মাটি, গাছের বীজ, নানা ধরনের কাগজ, কাঠ, ধাতু — চাইলে সব কিছু দিয়েই বানিয়ে ফেলা যায়।

প্রত্যেক বছরই ট্রেন্ড বদলায়। গত কয়েকটি বছর ধরে গয়নার ট্রেন্ডে ছোঁয়া লাগছে পরিবেশ-বান্ধবতার ফলে সুতো, গামছা, কাপড়ের পাড় ইত্যাদিকে বেস করে তৈরি হচ্ছে গয়না।

## অনলাইনে গয়না বিক্রি

গয়না বিক্রি করার জন্য একটি অনলাইন স্টোর চালু করা অনলাইনে টাকা রোজগারের এক দুর্দান্ত উপায়। অনলাইন ব্যবসা শুরু করার পরের ধাপ হল জুয়েলারি কোম্পানির ব্র্যান্ডিং আর পণ্যের বৈশিষ্ট্যকে সংজ্ঞায়িত করা।

## হাতে তৈরি গয়না কীরকম লাভজনক

সৃজনশীলতার ওপর নির্ভর করে। তাই যথেষ্ট লাভজনক হতে পারে।

## উপসংহার

হাতে তৈরি গয়নার ব্যবসা আজকাল প্রচুর জনপ্রিয় হচ্ছে, এই গয়নার চাহিদাও প্রচুর। সাধারণভাবে এই ব্যবসা মহিলাদের উপযোগী হলেও ছেলেরাও নামতে পারেন। তবে শিল্পী সুলভ মানসিকতা আর প্রতিভা থাকা চাই।

এই ব্যবসা খুব অল্প খরচে শুরু করা যায়।

হাতে তৈরি বিভিন্ন ধরনের গয়না হল : (১) তারে মোড়ানো গয়না (২) পুঁতির গয়না, (৩) পলিমার মাটির গয়না, (৪) কাগজের গয়না, (৫) কাঠের গয়না, (৬) রজন গয়না, (৭) ক্রোশেট গয়না, (৮) এনামেল গয়না, (৯) খোদাই গয়না, (১০) ধাতব গয়না, (১১) সোনার গয়না, (১২) রুপোর গয়না, (১৩) কাঠ দিয়ে হাতের তৈরি গয়না, (১৪) পাট ও সুতোর গয়না, (১৫) মাটির গয়না, (১৬) ফেলে দেওয়া জিনিস দিয়ে তৈরি হ্যান্ডমেড গয়না, (১৭) গামছা দিয়ে হাতে তৈরি গয়না, (১৮) ফেব্রিক জুয়েলারি, (১৯) দুর্গাপুজোর স্পেশাল জুয়েলারি, (২০) জুট জুয়েলারি।

ব্যক্তিগত সাজসজ্জার জন্য আলংকারিক আইটেম হল এইসব : ব্রোচ, আংটি, নেকলেস, কানের দুল, ব্রেসলেট, কাফলিংক ইত্যাদি। গয়না শরীরে বা কাপড়ের সঙ্গে লাগানো থাকতে পারে।

হাতে গয়না বানাতে নানান উপকরণ লাগে। যেমন ইউনিক হাতে তৈরি গয়নার উপকরণ : (১) কার্ডবোর্ড, (২) আঠা, (৩) উল সুতো, (৪) ফেব্রিক রঙ, (৫) কালো রঙের কাপড়, (৬) সিলভার রঙের রিং, (৭) সরু তুলি।

## ভারতের শীর্ষ কয়েকটি কৃত্রিম জুয়েলারি ব্র্যান্ড

(১) **আতরঙ্গি :** Attrange হল কৃত্রিম গয়নার জন্য এক প্রিমিয়াম অনলাইন স্টোর। আকর্ষণীয় নেকলেস, ক্লাসিক কানের দুল, ফ্যাশনেবল ব্রেসলেটে আতরঙ্গি এক অনন্য অসাধারণ প্রতিষ্ঠানের নাম, বলিষ্ঠ ব্র্যান্ড।

(২) **তানিষ্ক মিয়া :** চটকদার আর আধুনিক কৃত্রিম গয়নায় এই প্রতিষ্ঠান অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছে।

(৩) **ভয়েলা :** আর্টিফিশিয়াল জুয়েলারি সেক্টরে সুপরিচিত।

(৪) **সুহানি পিটি :** জুয়েলারি ডিজাইনার সুহানি পিটি তার সৃজনশীল ডিজাইনের জন্য সুপরিচিত।

(৫) **জাভেরি পার্লস :** এখান থেকে বিভিন্ন ধরনের সিন্থেটিক গয়না পাওয়া যায়, যা প্রকৃত রত্নের দীপ্তি আর উজ্জ্বলতার অনুকরণ করে। এর গয়না চমকপ্রদ দেখতে।

(৬) **পিপাবেলা :** চটকদার আর কাস্টমাইজড গয়না লাইনের জন্য বিখ্যাত।

(৭) **ভেলভেট কেস :** বিখ্যাত একটি ব্র্যান্ড।

(৮) **ব্লুস্টোন :** খাঁটি গয়নার জন্য বিখ্যাত। তবে কৃত্রিম জুয়েলারির জন্যও বাজারে এসেছে।

(৯) **ইউবেলা :** কৃত্রিম গয়না তৈরিতে বিশেষজ্ঞ।

(১০) **জুয়েলার্স পিসি :** স্বনামধন্য জুয়েলার্স, তবে কৃত্রিম গয়না প্রস্তুতেও এখন জনপ্রিয় নাম।

## হাতে গয়না তৈরির পদ্ধতি শেখার ২টি ইনস্টিটিউট :

(১) হাতে তৈরি মাটির গয়না : চেন্নাই ফ্যাশন ইনস্টিটিউট, ৮-১৩, ভারতী-সালাই, পশ্চিম মোগাপ্পাইর (রাজেন্দ্র আইন অফিসের কাছে), চেন্নাই, তামিলনাড়ু- ৬০০০৩৭। ফোন : +৯১-৪৪-২৬৫৩ ৪৩২১, মোবাইল : +৯১-৯৮৪৮ ৬১০৮৮। এই ইনস্টিটিউট হল মহিলাদের জন্য এক

# ১৮৮ ট্রেনি

নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি : ন্যাশনাল সিডস কর্পোরেশন লিমিটেড ট্রেনি পদে ১৮৮ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ট্রেনি (অ্যাগ্রিকালচার) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে বি.এসসি. (অ্যাগ্রি.) কোর্স পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটারে এম.এস. অফিস সংক্রান্ত বিষয়ে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৪৯টি (জেনাঃ ১৫, ই.ডব্লু.এস. ৭, ও.বি.সি. ১৪, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪)। সিরিয়াল নং : ৭.

**ট্রেনি (মার্কেটিং) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে বি.এসসি. (অ্যাগ্রি.) কোর্স পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটারে এম.এস. অফিস সংক্রান্ত বিষয়ে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৩৩টি (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ১১, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১)। সিরিয়াল নং : ৯.

**ট্রেনি (অ্যাগ্রি স্টোর) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে বি.এসসি. (অ্যাগ্রি.) কোর্স পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটারে এম.এস. অফিস সংক্রান্ত বিষয়ে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১৯টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ৩, ও.বি.সি. ৮, তঃউঃজাঃ ১)। সিরিয়াল নং : ১৩.

**ট্রেনি (টেকনিশিয়ান) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে আই.টি.আই. থেকে ডিজেল মেকানিক, মেশিনম্যান, অটো ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, ব্ল্যাকস্মিথ ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। কোনো ইন্ডাস্ট্রিতে ১ বছরের অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়ে থাকতে হবে ও ন্যাক সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ২১টি (জেনাঃ ৬, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২)। সিরিয়াল নং : ১৫. এর মধ্যে ডিজেল মেকানিক ৬, মেশিনম্যান ৩, অটো ইলেক্ট্রিশিয়ান ৩, ওয়েল্ডার ২, ব্ল্যাকস্মিথ ১, প্রসেসিং প্ল্যান্ট অপারেটর ৩।

**ট্রেনি (কোয়ালিটি কন্ট্রোল) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে বি.এসসি. (অ্যাগ্রি.) কোর্স পাশরা আবেদন করতে পারেন। কম্পিউটারে এম.এস. অফিস সংক্রান্ত বিষয়ে জ্ঞান থাকতে হবে। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ১১টি (জেনাঃ ৭, ই.ডব্লু.এস. ১, ও.বি.সি. ২, তঃউঃজাঃ ১)। সিরিয়াল নং : ৮.

**ট্রেনি (স্টোর্স) ইঞ্জিনিয়ারিং :** অ্যাগ্রিকালচার বা, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। আই.টি.আই. থেকে ফিটার, ডিজেল মেকানিক, ট্রাক্টর মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর ১ বছর অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং করে থাকলেও যোগ্য। বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : ৭টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)। সিরিয়াল নং : ১৪.

**ট্রেনি (এইচ.আর.) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটারে এম.এস. অফিস আর কম্পিউটারে ইংরিজি টাইপিংয়ে মিনিটে অন্তত ৪০টি শব্দ তোলার গতি থাকলে আবেদনের যোগ্য। বয়স, ট্রেনিং ও মাইনে ওপরের মতো। শূন্যপদ : ১৬টি (জেনাঃ ৭, ইডব্লু.এস.২, ও.বি.সি.৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। সিরিয়াল নং : ১০.

**ট্রেনি (অ্যাকাউন্টস) :** কমার্স শাখার গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে আর কম্পিউটারে এম.এস. অফিস আর কম্পিউটার অ্যাপ্লিকেশনে জ্ঞান থাকলে যোগ্য। বয়স, ট্রেনিং ও মাইনে একই। শূন্যপদ : ৮টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। সিরিয়াল নং : ১২.

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ৩০-১১-২০২৪'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন।

ট্রেনি পদের বেলায় ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড মাসে ২৪,৬১৬ টাকা। সফল হলে মূল মাইনে : ১৭,০০০-৬০,০০০ টাকা। ট্রেনি (মেট) পদের বেলায় ১৯,৫৮৬ টাকা। সফল হলে মূল মাইনে : ১৭,০০০-৬০,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : RECTT/2/NSC/2024.

প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার বেসড টেস্ট হবে ২২ ডিসেম্বর। ৯০ মিনিটের ১০০টি প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ৭০টি প্রশ্ন হবে সংশ্লিষ্ট শাখার ওপর, (খ) ৩০টি প্রশ্ন হবে অ্যাপ্টিটিউড, রিজনিং, কারেন্ট অ্যাফেয়ার্স, জেনারেল নলেজ, কম্পিউটার (এম.এস. অফিস), ইংলিশ ল্যাঙ্গোয়েজ। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সফল হলে ইন্টারভিউ।

ওপরের সব পদের বেলায় দরখাস্ত করবেন অনলাইনে, ৩০ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.indiaseeds.com এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা অনলাইনে দিতে হবে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

# ও.এন.জি.সি.তে ২,২৩৬ অ্যাপ্রেন্টিস

## দরখাস্ত করার শেষ তারিখ বেড়ে ১০ নভেম্বর

নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি : অয়েল অ্যান্ড ন্যাচারাল গ্যাস কর্পোরেশন লিমিটেড (ও.এন.জি.সি.) বিভিন্ন ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ২,২৩৬ জন ছেলেমেয়ে নেওয়ার যে খবর গত সপ্তাহে বেরিয়েছিল, তার দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ বাড়িয়ে ১০ নভেম্বর করা হয়েছে। কোন ট্রেডে ক'টি শূন্যপদ, বয়স, শি[illegible] ইত্যাদি বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে [illegible] শিয়ান অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় প্রথমে [illegible] করতে হবে এই ওয়েবসাইটে : https://nats.educational.gov.in অন্যান্য ট্রেড অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় প্রথমে নাম নথিভুক্ত করতে হবে এই ওয়েবসাইটে : https://apprenticeshipindia.org

# গার্ডেনরীচে ২৩০

১ পাতার পর

পেইন্টার (জেনারেল) ট্রেডের প্রার্থীরা পেইন্টার ট্রেডে, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ট্রেডের প্রার্থীরা প্রোগ্রামিং অ্যান্ড সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন অ্যাসিস্ট্যান্ট ট্রেডের জন্যও যোগ্য। বয়স হতে হবে ১৪ থেকে ২৫ বছরের মধ্যে। ১২ মাসের ট্রেনিং। শূন্যপদ : ৯০টি।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ফ্রেশার) :** মাধ্যমিক পাশরা আবেদন করতে পারেন। নেওয়া হবে এইসব ট্রেডে : ফিটার, ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক), ইলেক্ট্রিশিয়ান, পাইপ ফিটার, মেশিনিস্ট। বয়স হতে হবে ১৪ থেকে ২০ বছরের মধ্যে। শূন্যপদ : ৪০টি।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা মেকানিক্যাল শাখার জন্য, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা ইলেক্ট্রিক্যাল শাখার জন্য, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজির প্রার্থীরা কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি, সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ও স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা সিভিল শাখার জন্যও যোগ্য। ১২ মাসের ট্রেনিং। ২০২২, ২০২৩, ২০২৪ সালে যাঁরা পাশ করেছেন, তাঁরাই যোগ্য। বয়স হতে হবে ১৪ থেকে ২৬ বছরের মধ্যে। শূন্যপদ : ৪০টি।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস :** মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ও সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার জন্য যোগ্য। মেকানিক্যাল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, সিভিল অ্যান্ড স্ট্রাকচারাল ও স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ারিংয়ের প্রার্থীরা সিভিল শাখার জন্যও যোগ্য। ১২ মাসের ট্রেনিং। ২০২২, ২০২৩, ২০২৪ সালে যাঁরা পাশ করেছেন, তাঁরাই যোগ্য। বয়স হতে হবে ১৪ থেকে ২৬ বছরের মধ্যে। শূন্যপদ : ৬০টি।

ওপরের সব ক্ষেত্রেই বয়স গুণতে হবে ১-৯-২০২৪'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। ট্রেনিং হবে কলকাতা ও রাঁচীতে। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। ট্রেড অ্যাপ্রেন্টিস (ফ্রেশার)'দের বেলায় প্রথম বছর মাসে ৬,০০০ টাকা ও দ্বিতীয় বছর মাসে ৬,৬০০ টাকা। ট্রেড অ্যাপ্রেন্টিস (এক্স-আই.টি.আই.) ট্রেডের বেলায় মাসে ৭,০০০-৭,৫০০ টাকা। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় কলকাতা কেন্দ্রে কাজ করলে মাসে ১৫,০০০ টাকা ও রাঁচী কেন্দ্রে কাজ করলে মাসে ১২,৫০০ টাকা। টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস পদের বেলায় কলকাতায় কাজের বেলায় মাসে ১০,০০০ টাকা আর রাঁচীর বেলায় ৯,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : APP:01/24.

শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা।

আগ্রহী প্রার্থীদের প্রথমে অ্যাপ্রেন্টিস হিসাবে নাম নথিভুক্ত করতে হবে। ট্রেড অ্যাপ্রেন্টিস পদের বেলায় এই ওয়েবসাইটে : www.apprenticeshipindia.gov.in আর গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ও টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ট্রেডের বেলায় এই ওয়েবসাইটে : https://nats.education.gov.in

এই ওয়েবসাইটে গিয়ে প্রথমে নাম নথিভুক্ত করতে হবে। নাম নথিভুক্ত করার পর এস্ট্যাবলিশ আই.ডি. কিংবা রেজিস্ট্রেশন নম্বর পাবেন। এরপর গার্ডেনরিচ শিপবিল্ডার্সের নিচের ওয়েবসাইটে গিয়ে আবার অনলাইনে দরখাস্ত করতে হবে, ১৭ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.grse.in, https://jobapply.in/grse2024app এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

Scanned with OKEN Scanner

# RICE RTST
## স্বপ্ন পূরণের পথে দু'পা এগিয়ে



প্রফেসর (ড:) সমিত রায়
রাইস গ্রুপের কর্ণধার ও
অ্যাডামাস বিশ্ববিদ্যালয়ের
চ্যান্সেলর

গত ৫ বছর ধরে রাইস আয়োজন করে চলেছে RTST অর্থাৎ RICE Talent scholarship Test। এই টেস্টের মাধ্যমে ছাত্রছাত্রীরা পেয়ে যেতে পারে RICE-এর যেকোনো কোর্স ফির ওপর ৫০% পর্যন্ত ছাড়। RICE RTST হল একটি মাধ্যম যার মাধ্যমে কোনো শিক্ষার্থী তার সরকারি চাকরি পাওয়ার স্বপ্নপূরণের লক্ষ্যে দু'পা এগিয়ে যেতে পারে। কীভাবে এই স্বপ্নপূরণ সম্ভব? প্রথমত সরকারি চাকরি পেতে গেলে যেসব বিষয় পড়তে হয়, সেই মাধ্যমিক স্তরের অঙ্ক, জেনারেল নলেজের ওপর ভিত্তি করেই এই পরীক্ষা হবে খুবই সহজ কিছু প্রশ্নের মধ্যে দিয়ে। তাই এই পরীক্ষার প্রস্তুতি নিতে নিতেই চাকরির পরীক্ষার লক্ষ্যে প্রাথমিকভাবে স্কুল-কলেজ স্তরের পড়াশোনা একবার ঝালিয়ে নেওয়া হবে। দ্বিতীয়ত, এই পরীক্ষার রেজাল্ট অনুযায়ী পাওয়া যাবে RICE Education-এর নানান কোর্সে ভরতির ওপর ছাড়। অর্থাৎ, সরকারি চাকরির প্রস্তুতি নিশ্চিত হবে সেরা প্রতিষ্ঠানের সেরা শিক্ষকদের কাছে।

**পরীক্ষার খুঁটিনাটি**

RICE RTST সম্পূর্ণ একটি অনলাইন টেস্ট, এখানে ১ ঘন্টা সময়সীমায় ৬০টি প্রশ্নের উত্তর করতে হয়। MCQ ধরণের এইসব প্রশ্নের প্রত্যেকটির মান ১। এখানে মাধ্যমিক স্তরের অঙ্ক, ইংরিজি, জেনারেল ইন্টেলিজেন্স ও জেনারেল নলেজ ও কারেন্ট অ্যাফেয়ার্সের ওপর পরীক্ষা নেওয়া হয়। সম্প্রতি রাজ্য ও কেন্দ্রীয় সরকারের তরফ থেকে প্রায় ১,৫০,০০০ এরও বেশি সংখ্যক সরকারি চাকরির শূন্যপদে নিয়োগের বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। ২০২৪ সালের ১৬ ও ১৭ নভেম্বর সকাল ৯টা থেকে রাত ৭টা পর্যন্ত বিভিন্ন স্লটে এবছরের RICE RTST অনুষ্ঠিত হবে। ১৪ নভেম্বর রেজিস্ট্রেশনের শেষ দিন। ২০২৪ সালের ২০ নভেম্বর রেজাল্ট ঘোষিত হবে। যারা উচ্চমাধ্যমিক পাশ করার পর কলেজে পড়ছে বা যেকোনো শাখা থেকে গ্র্যাজুয়েশন সম্পূর্ণ করেছে তারা প্রত্যেকে RICE RTST দেওয়ার জন্য যোগ্য। এই পরীক্ষা দেওয়ার জন্য কোনো রেজিস্ট্রেশন ফি নেই। কারণ শিক্ষার্থীদের জন্য সম্পূর্ণ বিনামূল্যে এই মেধা পরীক্ষা আর্থসামাজিক দিক থেকে পিছিয়ে থাকা ছাত্রছাত্রীদেরও যোগ্য জীবিকার ক্ষেত্রে পৌঁছে দিতে অঙ্গীকারবদ্ধ। এই টেস্ট দেওয়ার জন্য রেজিস্ট্রেশন করতে হবে www.riceeducation.in/rtst এই লিঙ্কে গিয়ে, বিশদে জানতে ফোন করতে হবে ৬২৯২১৯০২৩০ নম্বরে।

**ছাত্রছাত্রীদের উৎসাহিত করে**

RICE RTST ছাত্রছাত্রীদের উৎসাহিত করে সরকারি চাকরির প্রস্তুতি নিতে, কারণ এই টেস্টের রেজাল্টের ভিত্তিতে পাওয়া যেতে পারে RICE -এর অফলাইন, অনলাইন, ইন্টিগ্রেটেড কোর্স ও যেকোনো ধরণের কোর্স ফির ওপর ৫০% পর্যন্ত মেগা ছাড়। স্বপ্নপূরণের এই তো শুরু, অসংখ্য শিক্ষার্থীর কাছে RICE-এ পড়তে পারা ও এখান থেকে প্রস্তুতি নিয়ে সরকারি চাকরির পরীক্ষা দেওয়া এক স্বপ্নস্বরূপ। আর RICE Education-ও দায়িত্ব নিয়ে সাফল্যের দোরগোড়ায় তাদের পৌঁছে দিয়েছে ১.৫ লাখের বেশি ছাত্রছাত্রীর বিভিন্ন কেন্দ্রীয় ও রাজ্য সরকারি পদে বহাল থাকা এই সাফল্যকে প্রমাণ করে। এরপর তো আছেই ৪০ বছরের ঐতিহ্যসম্পন্ন প্রতিষ্ঠানের অভিজ্ঞ শিক্ষকদের কাছে পড়ার সুফল ও RICE-এর স্টাডি মেটেরিয়ালের সুদৃঢ় সমর্থন। ২০২৩ সালে একাধিক শিক্ষার্থী এই পরীক্ষায় ভালো রেজাল্ট করে সম্পূর্ণ ৫০% স্কলারশিপ জিতে নিয়েছিল, আর আজ তারা RICE-এর বিভিন্ন শাখায় সরকারি চাকরির পরীক্ষার প্রস্তুতি নিচ্ছে। এমন উদাহরণও রয়েছে, স্কলারশিপ পেয়েই RICE Education-এ ভরতি হয়েছিল ও সম্মানজনক সরকারি পদে অধিষ্ঠিত হওয়ার পর RICE-এ শুরু করার কথা সেই ছাত্র তার নিজ মুখে বলেছে। তাই RICE RTST তে বসে একবার নিজেকে যাচাই করেও নেওয়া যেতে পারে যে কোথায় কোথায় কমতি বা খামতি থেকে যাচ্ছে।

**এবার যেসব পরীক্ষায় বসতেই হবে**

ইতিমধ্যেই একাধিক সরকারি চাকরির পরীক্ষা যেমন - কেন্দ্রীয় সরকারের ইউপিএসসি, স্টাফ সিলেকশন কমিশনের বিভিন্ন পরীক্ষার পাশাপাশি রাজ্য সরকারের পাবলিক সার্ভিস কমিশনের Clerkship, WBCS পরীক্ষার সম্ভাব্য সূচি বেরিয়েছে। এছাড়াও আছে রাজ্য পুলিশ ও কলকাতা পুলিশের কনস্টেবল ও সাব ইন্সপেক্টর পদের প্রিলিমিনারি পরীক্ষা। তাহলে আর হাত গুটিয়ে বসে থাকা কেন? জীবনে যদি মর্যাদার সঙ্গে সুপ্রতিষ্ঠিত হতে হয় তাহলে আজই সিদ্ধান্ত নেওয়ার দিন। RICE RTST-তে ভালো রেজাল্ট দিয়ে শুরু হোক এই অভিযান। যদি কোন শিক্ষার্থীর মনে দ্বিধা থাকে, কোনো বিষয়ে হয়তো সে দুর্বল আর এই দুর্বলতার কারণে সে সরকারি চাকরির পরীক্ষায় বসতে ভয় পায়! তাহলে তার অবশ্যই RICE RTST-তে বসা উচিত, কারণ একমাত্র RICE Methodology-ই পারে তার দুর্বলতাকে দক্ষতায় বদলে দিতে। কাজেই, বোঝা যাচ্ছে উদীয়মান তরুণ প্রজন্মের জন্য RICE RTST একটি সুযোগ নিজেকে প্রমাণ করবার, একটি সুবিধা RICE Education-এ ভরতি হওয়ার ও একটি উপায় তার স্বপ্নকে সার্থক করবার।

## বিমা সংস্থায় ৫০০

১ পাতার পর

তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রতিবন্ধী ৪টি, প্রাঃসঃকঃ ৪টি। ত্রিপুরা ২টি (জেনাঃ)। অসম ২২টি (জেনাঃ ৯, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ২)। বিহার -১০টি, আন্ধ্রা প্রদেশ ২১টি, অরুণাচল প্রদেশ ১টি, ছত্তিশগড় ১৫টি, গোয়া -৩টি, গুজরাট ৩০টি, হরিয়ানা -৫টি, হিমাচল প্রদেশ ৩টি, ঝাড়খন্ড ১৪টি, কর্ণটিক ৪০টি, কেরল ৩৫টি, মধ্য প্রদেশ ১৬টি, মহারাষ্ট্র ৫২টি, মণিপুর ১টি, মেঘালয় ২টি, মিজোরাম ১টি, নাগাল্যান্ড ১টি, ওড়িশা ১০টি, পঞ্জাব ১০টি, রাজস্থান ৩৫টি, সিকিম ১টি, তামিলনাড়ু ৩৫টি, তেলেঙ্গানা ১২টি, উত্তর প্রদেশ ১৬টি, উত্তরাখন্ড ১২টি, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ ১টি, চন্ডীগড় (ইউ.টি.) ৩টি, দিল্লি-২৮টি, জম্মু ও কাশ্মীর ২টি, লাদাখ ১টি, পুদুচেরী ২টি।

তপশিলী আর ও.বি.সি.'রা প্রি-এক্সামিনেশন ট্রেনিং নিতে চাইলে ন্যাশনাল ইনসিওরেন্স কোম্পানির রিজিওন্যাল অফিসে যোগাযোগ করবেন। তখন রিজিওন্যাল অফিস নথিভুক্ত প্রার্থীদের বিস্তারিত তথ্য জানিয়ে দেবেন।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে ৩০ নভেম্বর। পরীক্ষা হবে এইসব কেন্দ্রে : পশ্চিমবঙ্গ : কলকাতা/ গ্রেটার কলকাতা, আসানসোল, শিলিগুড়ি। অসম : ডিব্রুগড়, গুয়াহাটি, জোরহাট, শিলচর। ত্রিপুরা : আগরতলা। ঝাড়খন্ড: জামশেদপুর, রাঁচী। ওড়িশা : বেরহামপুর, ভুবনেশ্বর, কটক, রৌরকেলা। বিহার : ভাগলপুর, গয়া, পটনা। তারপর অনলাইন মেন পরীক্ষা।

প্রিলিমিনারি পরীক্ষায় ১০০ নম্বরের অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) ইংলিশ ল্যাঙ্গোয়েজ -৩০ নম্বর, (২) রিজনিং এবিলিটি -৩৫ নম্বর, (৩) কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড - ৩৫ নম্বর। সময় থাকবে এক ঘন্টা।

সফল হলে মোট শূন্যপদের ১৫ গুণ প্রার্থীকে দ্বিতীয় পার্টের পরীক্ষার জন্য ডাকা হবে। এই পরীক্ষা হবে ২৮ ডিসেম্বর। এই পরীক্ষায় ২০০ নম্বরের ২০০টি অবজেক্টিভ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) টেস্ট অফ রিজনিং -৪০ নম্বর, (২) টেস্ট অফ নিউমেরিক্যাল এবিলিটি -৪০ নম্বর, (৩) টেস্ট অফ জেনারেল অ্যাওয়ারনেস - ৪০ নম্বর, (৪) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ - ৪০ নম্বর, (৫) টেস্ট অফ কম্পিউটার নলেজ -৪০ নম্বর। সময় থাকবে ২ ঘন্টা। এরপর ল্যাঙ্গোয়েজ টেস্ট হবে। অবজেক্টিভ টাইপের পেপারে নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সফল হলে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। ইন্টারভিউ দিতে যাতায়াতের দ্বিতীয় শ্রেণির ভাড়া পাবেন। সবশেষে হবে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ নভেম্বর পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.nationalinsurance.nic.co.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। ফটো স্ক্যান করবেন ২০-৫০ কে.বি.'র মধ্যে আর সিগনেচার স্ক্যান করবেন ১০-২০ কে.বি.'র মধ্যে। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও নিচের প্যারাগ্রাফটি হাতে লিখে স্ক্যান করে নেবেন : 'I ----- (name of of the candidate), hereby declare that all information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে Recruitment' লিঙ্কে ক্লিক করলে অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন। তখন যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। এরপর পরীক্ষা ফী বাবদ ৮৫০ (তপশিলী, প্রতিবন্ধী, প্রাঃসঃকঃ হলে ১০০) টাকা জমা দেবেন ডেবিট কার্ড (রুপে, মাস্টার / ভিসা), ক্রেডিট কার্ড, ইন্টারনেট ব্যাঙ্কিং, ক্যাশ কার্ড, আই.এম.পি.এস. বা, মোবাইল ওয়ালেটের মাধ্যমে। টাকা জমা দেওয়ার পর আপনা থেকেই ই-রিসিপ্ট পেয়ে যাবেন যা প্রিন্ট করে রেখে দেবেন। টাকা জমা দিতে পারবেন ১১ নভেম্বরের মধ্যে। এরপর ফটো ও সিগনেচার আপলোড করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। লিখিত পরীক্ষার সময় প্রিন্ট আউট ও ই-রিসিপ্টের মূল নিয়ে যেতে হবে।

# AIIMS কল্যাণীর পাশে মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজে নতুন সেশনে ভরতি চলছে



*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন,' মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর*



*এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্চয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*

INC, WBNC ও WBUHS স্বীকৃত নার্সিং কলেজ, সঞ্চয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চে B.Sc ও GNM নার্সিং কোর্সে ভরতি শুরু হয়েছে। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজটি মেয়েদের জন্য এখন রাজ্যের অন্যতম সেরা নার্সিং প্রতিষ্ঠান। কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (WBNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৩) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৪) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়াগনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের প্লেসমেন্ট পেতে সাহায্য করবে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. এছাড়া ভরতির জন্য সরাসরি যোগাযোগ করুন এই ঠিকানায় : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
Clerkship
২০২৩ স্পেশাল
অনলাইন পরীক্ষার
কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর
হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
মাত্র ৩০০/- টাকা
সাধারণ জ্ঞান

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**১২ সেপ্টেম্বর :** 'এসবিআই আশা স্কলারশিপ প্রোগ্রাম'এর তৃতীয় সংস্করণ চালু করল 'এসবিআই ফাউন্ডেশন'। এই উচ্চাভিলাষী কর্মসূচির লক্ষ্য হল, ভারত জুড়ে সুবিধাবঞ্চিত ১০,০০০ মেধাবী শিক্ষার্থীকে তাদের শিক্ষগত স্বপ্ন পূরণ করতে আর্থিক সহায়তা প্রদান করা। এই কর্মসূচির অধীনে, ষষ্ঠ শ্রেণি থেকে স্নাতকোত্তর স্তরের শিক্ষার্থীরা এক বছরে ১৫ হাজার টাকা থেকে ২০ লাখ টাকা পর্যন্ত বৃত্তি পেতে পারেন।

❑ শোভাময় মাছ চাষের জন্য, ভুবনেশ্বরে 'রঙ্গিন মছলি' নামে একটি নতুন মোবাইল অ্যাপ চালু করলেন কেন্দ্রীয় মন্ত্রী রাজীব রঞ্জন সিং। শোভাময় মাছের যত্ন, প্রজনন, অ্যাকোয়ারিয়াম ব্যবস্থাপনা, কর্মসংস্থান ও স্থানীয় ব্যবসার প্রচারের জন্য এই অ্যাপটি চালু করা হয়েছে। এই সংক্রান্ত বিষয়ে ব্যাপক তথ্য প্রদান করতে সক্ষম হবে এই অ্যাপটি। 'প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনা'র (দেশে মাছ চাষ ও জলজ চাষ বৃদ্ধিতে সাহায্যকারী একটি প্রকল্প) অধীনে, আইসিএআর-সেন্ট্রাল ইনস্টিটিউট অফ ফ্রেশওয়াটার অ্যাকোয়াকালচার এই অ্যাপটি তৈরি করেছে। শোভাময় মাছের প্রতি আগ্রহী ব্যক্তিদের চাহিদা মেটাতে এই অ্যাপটি তৈরি করা হয়েছে। মূলত শৌখিন ব্যক্তি, অ্যাকোয়ারিয়ামের দোকানের মালিক ও মাছ চাষিরা এই অ্যাপটির মাধ্যমে উপকৃত হবেন। ৮টি ভারতীয় ভাষায় উপলব্ধ এই অ্যাপটি গুগল প্লে স্টোর থেকে ডাউনলোড করা যাবে।



সিপিএম'এর সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা রাজ্যসভার প্রাক্তন সাংসদ সীতারাম ইয়েচুরি (৭২ বছর) মারা গেলেন।

❑ মধ্য প্রদেশ হল দেশের প্রথম রাজ্য, যেখানকার শহুরে এলাকার সব প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে (৩২৮টি) আয়ুষ সুবিধা রয়েছে। গ্রামীণ এলাকায় ১,৪৪০টি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের মধ্যে ৬৯৫টিতে আয়ুষ সুবিধা রয়েছে ও বাকিগুলিতে আরও বাড়ানো হচ্ছে। উপজাতীয় এলাকায় ২২৮টি প্রাথমিক ও কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্রে আয়ুষ চিকিৎসক রয়েছেন, এই প্যারামিটারে দেশের মধ্যে তৃতীয় স্থানে রয়েছে মধ্য প্রদেশ। প্রথম ও দ্বিতীয় স্থানে রয়েছে যথাক্রমে ওড়িশা (২৯৬) ও ছত্তিশগড় (২৭৯)। মধ্য প্রদেশ, দেশের প্রথম ৬টি রাজ্যের মধ্যে একটি হয়ে উঠেছে, যেখানে ২০০৫ সাল থেকে গ্রামীণ এলাকায় উপ-স্বাস্থ্য কেন্দ্রের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেড়েছে। সবথেকে বেশি প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র-সহ ১০টি রাজ্যের মধ্যে সপ্তম স্থানে রয়েছে মধ্য প্রদেশ।

**১৩ সেপ্টেম্বর :** ১৭ সেপ্টেম্বর দিনটিকে 'প্রজাপালন দিবস' (জনগণের শাসন দিবস) হিসাবে পালন করার সিদ্ধান্ত নিল তেলেঙ্গানা সরকার। ১৯৪৮ সালের এই দিনটিতে তৎকালীন হায়দরাবাদ রাজ্য, ভারতীয় ইউনিয়নের সঙ্গে একত্রিত হয়েছিল। রাজ্যের মুখ্যসচিব শান্তি কুমারী এই নির্দেশ জারি করেছেন। নির্দেশ অনুসারে, ১৭ সেপ্টেম্বর রাজ্যের সব সরকারি অফিস, নগর স্থানীয় সংস্থা ও গ্রাম পঞ্চায়েতগুলিতে জাতীয় পতাকা উত্তোলন করা হবে।

❑ আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের রাজধানী পোর্ট ব্লেয়ার শহরের নাম বদলে রাখা হল 'শ্রী বিজয়া পুরম'। এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। প্রাচীন শ্রী বিজয়া সাম্রাজ্যের ঐতিহাসিক ও সাংস্কৃতিক ঐতিহ্যকে সম্মান জানাতে এই সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। 'শ্রী বিজয়া পুরম' নামটি আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের ঐতিহ্যমণ্ডিত ইতিহাস ও বাসিন্দাদের বীরত্বকে সম্মান জানায়।

**১৫ সেপ্টেম্বর :** ব্রাসেলসে, জ্যাভলিন থ্রোয়ে 'ডায়মন্ড লিগ'এর ফাইনালে দ্বিতীয় স্থানে শেষ করলেন ভারতীয় তারকা নীরজ চোপড়া। এদিন তিনি ছোঁড়েন ৮৭.৮৬ মিটার। চ্যাম্পিয়ন হন গ্রেনাডার অ্যান্ডারসন পিটার্স। তিনি ছুঁড়েছেন ৮৭.৮৭ মিটার।

❑ প্রথম পাক-ই-স্তানি মহিলা আম্পায়ার হিসাবে আইসিসি ইন্টারন্যাশনাল প্যানেল অফ ডেভেলপমেন্ট আম্পায়ার'এ যোগ দিলেন সালিমা ইমতিয়াজ।

**১৬ সেপ্টেম্বর :** 'সশস্ত্র সীমা বল'এর নতুন ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন অমৃত মোহন প্রসাদ।

❑ ১৩ সেপ্টেম্বর, 'অষ্টলক্ষ্মী মহোৎসব'এর জন্য ওয়েবসাইট চালু করেছেন কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য এম.সিন্ধিয়া। ৬ ডিসেম্বর থেকে ৮ ডিসেম্বর, নয়াদিল্লিতে প্রগতি ময়দানে ভারত মণ্ডপমে এই অষ্টলক্ষ্মী মহোৎসব হবে। অষ্টলক্ষ্মী মহোৎসব হল উত্তর-পূর্বের ৮টি রাজ্য - অরুণাচল প্রদেশ, অসম, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, সিকিম ও ত্রিপুরার ফ্যাশন, সংস্কৃতি ও ব্যবসার একটি প্রাণবন্ত মিশ্রণ। ashtalakshmimahotsav.com ওয়েবসাইটি এই উৎসবের বিভিন্ন আপডেট, সময়সূচী ও অংশগ্রহণের বিশদ বিবরণের একটি ওয়ান-স্টপ প্ল্যাটফর্ম হিসাবে কাজ করবে।

❑ ইউনেস্কোর ওয়ার্ল্ড হেরিটেজ সাইটের তালিকা থেকে এশিয়ার সেরা ১০টি ফোটোজেনিক স্থানের তালিকা প্রকাশ করল 'টাইমস-ট্র্যাভেল'। এই তালিকায় প্রথম স্থান দখল করেছে কম্বোডিয়ার আঙ্কোরভাটের মন্দির চত্বর। সূর্যোদয় ও সূর্যাস্তের সময় এর সৌন্দর্য অসাধারণ বলে দাবি করা হয়েছে এই তালিকায়। 'ফোটোজেনিক' অর্থাৎ, এই জায়গাগুলি শুধু সাংস্কৃতিক ও ঐতিহাসিক সম্পদ হিসাবেই জনপ্রিয় নয়, জায়গাগুলি ছবির মতো সুন্দরও, যা চিত্রগ্রাহকদের ক্যামেরাবন্দি হওয়ার মতো উপযুক্ত। এই তালিকায় স্থান পেয়েছে ভারতের দু'টি পর্যটনস্থল। তাজমহল ও হাম্পি। এছাড়াও, এই তালিকায় রয়েছে চিনের প্রাচীর, মায়ানমারের বাগান-সহ প্রভৃতি।

❑ শিল্প ক্ষেত্রের পেশাদারি প্রশিক্ষণ সংস্থা 'ইনফর্মা কানেক্ট আকাদেমি'র রিপোর্ট অনুযায়ী, ২০২৭ সালের মধ্যে বিশ্বের প্রথম ট্রিলিওনেয়ার হতে পারেন 'টেসলা'র নির্মাতা ও রকেট প্রস্তুতকারক সংস্থা 'স্পেসএক্স'এর সিইও এলন মাস্ক। এছাড়াও, ২০২৮ সালের মধ্যে ভারতের প্রথম ট্রিলিওনেয়ারের মর্যাদা অর্জন করতে পারেন 'আদানি গোষ্ঠী'র কর্ণধার গৌতম আদানি। ২৩৭ বিলিয়ন মার্কিন ডলারের সম্পত্তির মালিক ও বিশ্বের সবথেকে ধনী ব্যক্তি এলন মাস্ক'কে বিশ্বের প্রথম ট্রিলিওনেয়ার হতে গেলে গড় বার্ষিক বৃদ্ধির হার ১১০% করতে হবে। অন্যদিকে, এখন বিশ্বের মধ্যে বিলিওনেয়ারদের তালিকায় ১৩ তম স্থানে থাকা গৌতম আদানি'কে দ্বিতীয় ট্রিলিওনেয়ার হতে গেলে তাঁকে গড় বার্ষিক বৃদ্ধির হার ১২৩% করতে হবে। তবে, মুকেশ আম্বানি'র ট্রিলিওনেয়ার হতে গেলে ২০৩৩ সাল হয়ে যাবে বলে এই রিপোর্টে দাবি করা হয়েছে।

❑ ভারতে প্রথমবারের মতো, ভোপালে একটি কাগজবিহীন ভোটিং প্রক্রিয়া সফলভাবে পরিচালনা করে নজির গড়ল মধ্য প্রদেশ রাজ্য নির্বাচন কমিশন। ১২ সেপ্টেম্বর, বেরাসিয়া উন্নয়ন ব্লকে অবস্থিত রতুয়া রতনপুর গ্রাম পঞ্চায়েতের সরপঞ্চ পদের জন্য ২৯৫ নম্বর ভোট কেন্দ্রে পাইলট প্রকল্প হিসাবে এই কাগজবিহীন ভোট পর্ব অনুষ্ঠিত হয়। এই প্রক্রিয়ায় ৮৪% ভোটার রেকর্ড করা হয়েছে। এই নতুন পদ্ধতিতে ভোটার শনাক্তকরণের জন্য বুড়ো আঙুলের ছাপ ও ইলেক্ট্রনিক স্বাক্ষর ব্যবহার করা হয়েছে, যাতে নিশ্চিত করা হয় যে, ভোট দিতে আসা ভোটার শারীরিকভাবে উপস্থিত ছিলেন ও তার বদলে অন্য কেউ ভোট দেননি।

❑ আজারবাইজান ফর্মুলা ১ গ্র্যান্ড প্রিক্স জিতলেন অস্কার পিয়াস্ত্রি।

**১৭ সেপ্টেম্বর :** মহাকাশে ৫ দিনের মিশন শেষের ইতিহাস গড়ে নিরাপদে পৃথিবীতে ফিরে এসেছেন 'স্পেসএক্স'এর 'পোলারিস ডন' মিশনের মহাকাশচারীরা। ৪ মহাকাশচারীকে বহনকারী স্পেসএক্সের 'ক্রু ড্রাগন' ক্যাপসুলটি মার্কিন যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা উপকূলে অবতরণ করে। বিশ্বের প্রথম বেসরকারি তথা বাণিজ্যিকভাবে পরিচালিত এই স্পেসওয়াক সম্পাদনকারীরা হলেন জ্যারেড আইজ্যাকম্যান ও সারাহ গিলিস। এই মিশনের আগে শুধু সরকারি অনুদানপ্রাপ্ত মহাকাশ সংস্থাগুলির মাধ্যমেই মহাকাশচারীরা 'স্পেসওয়াক' করতেন। জ্যারেড ও সারাহ 'ক্রু ড্রাগন' থেকে বেরিয়ে প্রায় ১৫ মিনিটের ব্যবধানে 'স্পেসওয়াক' করেন। স্পেস স্যুট পরে তাঁরা প্রায় ১০ মিনিট করে মহাকাশযানের বাইরে কাটান। অভিযানে অংশ নেওয়া বাকি দু'জন ক্যাপসুলের ভিতরে ছিলেন। প্রসঙ্গত উল্লেখ্য, মহাশূন্যে থাকার সময় মহাকাশযান থেকে বাইরে বের হওয়াকে 'স্পেসওয়াক' বলে।



শীঘ্রই সমুদ্রপথে পৃথিবী প্রদক্ষিণ করতে চলেছেন ভারতীয় নৌবাহিনীর ২ মহিলা অফিসার লেফটেন্যান্ট কম্যান্ডার রূপা এ. ও লেফটেন্যান্ট কম্যান্ডার দিলনা কে.। ৩ বছর কঠোর প্রশিক্ষণের পর এই বৈশ্বিক যাত্রা শুরু করার প্রস্তুতি নিচ্ছেন তাঁরা। দ্বিতীয় 'নাবিক সাগর পরিক্রমা'র অংশ হিসাবে এই অভিযানে যাবেন তাঁরা। 'আইএনএসভি তারিণী'তে এই প্রদক্ষিণ করবেন তাঁরা। সমুদ্রপথে ভারতের ঐতিহ্য, বিশ্বের সমুদ্র মানচিত্রে ভারতের গুরুত্ব কতটা, তার প্রচারই হল এই অভিযানের উদ্দেশ্য। এই ২ মহিলা অফিসার, অবসরপ্রাপ্ত কম্যান্ডার অভিলাষ টমি'র কাছে প্রশিক্ষণ নিয়েছেন। কম্যান্ডার টমি হলেন একজন অন্যতম সেরা বিশ্ব পর্যটক ও গোল্ডেন গ্লোব রেস হিরো।

❑ উত্তর প্রদেশের শীর্ষ পর্যটন গন্তব্যের তকমা পেল 'মন্দিরের শহর' অযোধ্যা, যেখানে এবছরের প্রথম ৬ মাসে ১১ কোটিরও বেশি দেশি ও বিদেশি দর্শনার্থীর আগমন ঘটেছে। বারাণসীকে ছাড়িয়ে এই শীর্ষস্থান দখল করেছে অযোধ্যা। ওই একই সময়ের মধ্যে বারাণসীতে ৪.৬১ কোটি পর্যটক এসেছেন। এবছরের প্রথম ৬ মাসে রাজ্যে আসা পর্যটকদের নিরিখে এই পরিসংখ্যান প্রকাশ করেছে উত্তর প্রদেশের পর্যটন দফতর। এই পরিসংখ্যান অনুযায়ী, এই সময়ে প্রায় ৩৩ কোটি পর্যটক ওই রাজ্য পরিদর্শন করেছেন।

❑ সন্তোষ কাশ্যপ'কে জাতীয় সিনিয়র মহিলা দলের প্রধান কোচ হিসাবে নিয়োগ করল 'অল ইন্ডিয়া ফুটবল ফেডারেশন'।

❑ চিনকে ১-০ ব্যবধানে হারিয়ে, পুরুষদের এশিয়ান হকি চ্যাম্পিয়ন্স ট্রফি জিতল ভারত। এই নিয়ে রেকর্ড পঞ্চমবার এশিয়ান চ্যাম্পিয়ন্স ট্রফি হকিতে চ্যাম্পিয়ন হল ভারতীয় দল। এর আগে ২০১১, ২০১৬, ২০১৮ ও ২০২১ সালেও এই প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছিল ভারত।

**১৮ সেপ্টেম্বর :** কলকাতার নতুন পুলিশ কমিশনার হিসাবে মনোনীত হলেন মনোজ কুমার ভার্মা।

❑ কেন্দ্রীয় বন্দর, নৌপরিবহণ ও জলপথ মন্ত্রকের প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন ভারতীয় শুটার মানু ভাকের।

❑ এবছর দুবাইয়ে হওয়া 'দক্ষিণ ভারতীয় আন্তর্জাতিক চলচ্চিত্র পুরস্কার'এ 'সেরা অভিনেত্রী' (সমালোচক) পুরস্কার জিতলেন বলিউড অভিনেত্রী ঐশ্বর্য রাই বচ্চন। মনি রত্নম পরিচালিত 'পোন্নিয়িন সেলভান ২' চলচ্চিত্রে অসামান্য অভিনয়ের স্বীকৃতি হিসাবে এই পুরস্কার পেলেন তিনি।

❑ ওড়িশা সরকারের মহিলা-কেন্দ্রীক প্রকল্প 'সুভদ্রা যোজনা' চালু করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ভগবান জগন্নাথ ও ভগবান বলভদ্রের বোন সুভদ্রার নামে এই যোজনার নামকরণ করা হয়েছে। এই প্রকল্পের অধীনে, ২০২৪-'২৫ ও ২০২৮-'২৯ — এই ৫ বছরের মধ্যে ২১ থেকে ৬০ বছর বয়সি মহিলাদের ৫০,০০০ টাকা দেবে ওড়িশা সরকার। প্রতি বছর ১০,০০০ টাকা সরাসরি তাঁদের অ্যাকাউন্টে দু'টি কিস্তিতে জমা করা হবে। এই প্রকল্পে প্রায় ১ কোটিরও বেশি মহিলা যুক্ত হবেন বলে মনে করা হচ্ছে।

❑ নয়াদিল্লিতে, অপ্রাপ্তবয়স্কদের জন্য 'এনপিএস বাৎসল্য' প্রকল্প চালু করলেন কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন। এটি ছোটদের পেনশন প্রকল্প। এই প্রকল্পটি 'পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি'র মাধ্যমে নিয়ন্ত্রিত হবে। 'ন্যাশনাল পেনশন সিস্টেম' বাৎসল্য হল ১৮ বছরের কম বয়সি ও যাঁরা ভারতের বাসিন্দা, তাঁদের জন্য চালু হয়েছে। এনপিএস বাৎসল্য অ্যাকাউন্টটি অনাবাসী ভারতীয়দের জন্য প্রযোজ্য নয়। এখন থেকে প্রত্যেক বাবা-মা বছরে মাত্র ১,০০০ টাকা জমা করে দিয়ে এই প্রকল্পের অ্যাকাউন্ট খুলতে পারবেন। এরপর ওই বাচ্চার বয়স ১৮ বছর পূর্ণ হওয়ার সঙ্গে সঙ্গেই অ্যাকাউন্টটি নিজে থেকেই একটি সাধারণ ন্যাশনাল পেনশন অ্যাকাউন্টে রূপান্তরিত হয়ে যাবে। তারপর ঠিক ৬০ বছর বয়সের পরে তাঁরা পেনশন আকারে এই ন্যাশনাল পেনশন সিস্টেম তহবিলের সুবিধা পেতে থাকবেন। অ্যাকাউন্টটি যেকোনো ব্যাঙ্ক, পোস্ট অফিসে বা, ই-এনপিএস'এর মাধ্যমে খোলা যেতে পারে।

❑ 'এক দেশ এক ভোট'এর প্রস্তাবে অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা। এদিন, কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে পাস হয়েছে 'এক দেশ এক ভোট' নীতি কার্যকরের লক্ষ্যে প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বাধীন কমিটির সুপারিশ। প্রতিবেদনে বলা হয়েছে, শীতকালীন অধিবেশনে এই বিলটি উত্থাপন করা হবে। প্রতিবেদনটি ১৮,৬২৬ পৃষ্ঠার। 'এক দেশ এক ভোট' কার্যকরের দিশানির্দেশিকা খুঁজতে ২০২৩ সালের ১ সেপ্টেম্বর কোবিন্দের নেতৃত্বে কমিটি গড়েছিল কেন্দ্রীয় সরকার। এই প্রস্তাব অনুযায়ী, প্রাথমিকভাবে লোকসভা ও সবক'টি রাজ্যের বিধানসভা নির্বাচন একসঙ্গে করা হোক। তার ১০০ দিনের মধ্যে সব আঞ্চলিক নির্বাচন সেরে ফেলা হোক।

**১৯ সেপ্টেম্বর :** জর্ডানের প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত হলেন জাফর হাসান।

❑ 'আমাজন ইন্ডিয়া'র নতুন কান্ট্রি ম্যানেজার হিসাবে নিযুক্ত হলেন সমীর কুমার।

❑ 'রাষ্ট্রীয় যুদ্ধ স্মারক' শিরোনামবিশিষ্ট একটি কবিতা ও 'বীর আব্দুল হামিদ' শিরোনামবিশিষ্ট একটি অধ্যায় এবছর থেকে 'এনসিইআরটি'র ষষ্ঠ শ্রেণির পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে। এই উদ্যোগটি জাতীয় শিক্ষা নীতি ২০২০ ও স্কুল শিক্ষার জন্য জাতীয় পাঠ্যক্রম কাঠামো ২০২৩'এর দৃষ্টিভঙ্গীর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রক ও কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের যৌথভাবে গৃহীত এই উদ্যোগের লক্ষ্য হল, স্কুলের শিশুদের মধ্যে দেশপ্রেম, কর্তব্যের প্রতি নিষ্ঠা, সাহস ও ত্যাগের প্রতি মূল্যবোধ জাগ্রত করা আর জাতি গঠনে যুব সমাজের অংশগ্রহণ নিশ্চিত করা। আব্দুল হামিদ, যিনি ১৯৬৫ সালের ভারত-পাক-ই-স্তান যুদ্ধের সময় দেশের জন্য লড়াই করে শহীদ হন ও মরণোত্তর 'পরম বীর চক্র'এ (দেশের সর্বোচ্চ বীরত্ব পুরস্কার) ভূষিত হন। অন্যদিকে, 'রাষ্ট্রীয় যুদ্ধ স্মারক' কবিতাটির লক্ষ্য হল, দেশের সৈনিকদের প্রতি গভীর শ্রদ্ধাবোধ গড়ে তোলা, যাঁরা জাতির জন্য নিজেদের জীবন উৎসর্গ করেছেন।

❑ ১৯ থেকে ২২ সেপ্টেম্বর, নয়াদিল্লিতে আয়োজিত হল এবছরের 'ওয়ার্ল্ড ফুড ইন্ডিয়া'র তৃতীয় সংস্করণ। দেশের খাদ্য প্রক্রিয়াকরণ খাতে দেশি ও বিদেশি বিনিয়োগকে উৎসাহিত করতে ও দেশের সমৃদ্ধ খাদ্য সংস্কৃতিকে বিশ্বের কাছে তুলে ধরতে কেন্দ্রীয় সরকার এই অনুষ্ঠানের আয়োজন করেছে। এবছর এই অনুষ্ঠানের থিম ছিল 'সমৃদ্ধির জন্য প্রক্রিয়াকরণ'। ৯০টিরও বেশি দেশের অংশগ্রহণকারীরা এই অনুষ্ঠানে অংশ নিয়েছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী একটি ভিডিও বার্তার মাধ্যমে অনুষ্ঠানে ভাষণ দিয়েছেন।

❑ উত্তর প্রদেশ হকিকে পেনাল্টি শুটআউটে ৪-৩ ব্যবধানে হারিয়ে, ১৪ তম 'হকি ইন্ডিয়া জুনিয়র মেন ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ' জিতল হকি পঞ্জাব।

☛ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

Scanned with OKEN Scanner

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এ নিয়ে যতটা গুরুত্ব দেওয়া উচিত ছেলেমেয়েরা ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা প্রায় অসম্ভব। এই সমস্যা সমাধানে এবার থেকে সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে চাকরির উপযোগী পুরোপুরি নতুন ধরনের সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দেওয়া হচ্ছে।

## সাধারণ বিজ্ঞান

১। চোখের কোন অংশ তারারন্ধ্রকে ছোট ও বড় হতে সাহায্য করে — আইরিস।

৩। নাইট্রোজেন স্থিতিকারী শৈবাল কী — অ্যানাবেনা।

৪। 'অশ্বশক্তি' কথাটি সর্বপ্রথম কে ব্যবহার করেন — জেমস ওয়াট।

৫। কোনো দণ্ড চুম্বকের কেন্দ্রে চৌম্বকত্বের মান কত — শূন্য।

৬। তড়িৎবাহী তারের কাছে চুম্বক থাকলে যে বিক্ষিপ্ত হয়, তা কে প্রমাণ করেন — বিজ্ঞানী ওরস্টেড।

৭। বাড়ির বৈদ্যুতিক বর্তনীতে ফিউজ তার কীভাবে সংযোগ থাকে — মেইনলাইনে শ্রেণি সমবায়ে।

৮। যন্ত্রের মাধ্যমে, সুস্থ মানুষের দেহ থেকে রোগীর শরীরে রক্ত সঞ্চালন করার প্রক্রিয়া প্রথম কবে শুরু হয় — ১৮১৮ সালে।

৯। ভিজে কোবাল্ট ক্লোরাইড কাগজের রং কী — গোলাপি।

১০। জাহাজ বা, অন্যান্য সমুদ্রযানের দৈনন্দিন কার্যকলাপে ব্যবহৃত 'ফ্যাদম' কীসের একক — জলের গভীরতা মাপার।

## ইতিহাস

১১। গৌড় বা, বাংলাদেশের প্রথম ঐতিহাসিক ব্যক্তিত্ব কে ছিলেন — শশাঙ্ক।

১২। 'নাই ভয়' ও 'লাঠৌষধি' নামে ২টি প্রবন্ধ কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল — যুগান্তর।

১৩। ভারতের প্রথম মহিলা বিপ্লবী শহিদ



কে — প্রীতিলতা ওয়াদ্দেদার।

১৪। 'ইউনিভার্সিটি অ্যাক্ট' কোন ভাইসরয়ের আমলে চালু হয় — লর্ড কার্জন (১৯০৪ সালে)।

১৫। সুভাষচন্দ্র বসু কত সালে ছদ্মবেশে গৃহত্যাগ করেন — ১৯৪১ সালে।

১৬। কাকে 'দ্বিতীয় অশোক' বলা হয় — কণিষ্ককে।

১৭। কাশ্যপ মাতঙ্গ কে ছিলেন — বৌদ্ধ পণ্ডিত।

১৮। 'হিন্দুস্তান গদর পার্টি'র প্রথম সভাপতি কে — সোহান সিং ভাখনা।

১৯। বিখ্যাত চিত্রশিল্পী উস্তাদ মনসুর কোন মোগল সম্রাটের পৃষ্ঠপোষকতা করেছিলেন — জাহাঙ্গীর।

২০। পৃথিবীর প্রাচীনতম সভ্যতা কোনটি — মেসোপটেমিয়া।

## ভূগোল

২১। বাংলাদেশ কবে স্বাধীন রাষ্ট্র হিসাবে স্বীকৃতি পেয়েছে — ১৯৭১ সালের ২৬ মার্চ।

২২। ভারতের কোন রাজ্যে খালের সাহায্যে সবথেকে বেশি সেচ করা হয় — উত্তর প্রদেশ।

২৩। 'তালচের তাপবিদ্যুৎ কেন্দ্র' ভারতের কোন রাজ্যে আছে — ওড়িশা।

২৪। পাক-ই-স্তানের মধ্য দিয়ে প্রবাহিত দীর্ঘতম নদী কোনটি — সিন্ধু।

২৫। ভারতে সবথেকে বেশি কাঁচা রেশম উৎপাদন করে কোন রাজ্য — কর্ণাটক (দেশের কাঁচা রেশম উৎপাদনের ৬০ শতাংশের জন্য দায়ী কর্ণাটক)।

২৬। ভারতের প্রথম এক্সপ্রেসওয়ে কোনটি — মুম্বই-পুণে এক্সপ্রেসওয়ে।

২৭। 'রেজিস্তান মরুভূমি' কোন দেশের অন্তর্গত — আফগান-ই-স্তান।

২৮। ভারতের কোন রাজ্যে সবথেকে বেশি ম্যানগ্রোভ অরণ্য রয়েছে — পশ্চিমবঙ্গ (৪২.৪৫%)।

২৯। তামিলনাড়ুর কোন সমুদ্র সৈকতে 'চিত্রা পূর্ণমী উৎসব' একটি বিখ্যাত উৎসব — পুম্পুহার সৈকত।

## সাম্প্রতিক ঘটনা

৩০। রাজ্যের রামনগর জেলার নাম বদল করে কী রাখার সিদ্ধান্ত নিয়েছে কর্ণাটক সরকার — বেঙ্গালুরু দক্ষিণ।

৩১। 'সেন্ট্রাল বোর্ড অফ ডিরেক্ট ট্যাক্সেস'এর সদস্য হিসাবে নিযুক্ত হলেন কারা — প্রবোধ শেঠ ও রমেশ নারায়ণ পর্বত।

৩২। এবছর 'ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম'এর তরফ থেকে প্রকাশিত 'ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম ডেভেলপমেন্ট ইনডেক্স'এ ভারতের স্থান কত — ৩৯।

৩৩। 'ইস্টার্ন কোলফিল্ডস লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — সতীশ ঝা।

৩৪। এবছর চতুর্থ 'রাষ্ট্রীয় হিন্দি বিজ্ঞান সম্মেলন' কোথায় হয়েছে — মধ্য প্রদেশের ভোপাল।

৩৫। ভারতের কোন দুই রাজ্যে দু'টি হাইড্রো-পাম্পড স্টোরেজ প্ল্যান্ট তৈরির অনুমোদন দিল কেন্দ্রীয় বিদ্যুৎ কর্তৃপক্ষ — কর্ণাটক ও ওড়িশা।

৩৬। ১ বছরের মেয়াদের জন্য, রাষ্ট্রসঙ্ঘের ইকোনমিক ও সোশ্যাল কাউন্সিলের প্রেসিডেন্ট হিসাবে নির্বাচিত হলেন কে — বব রে।

৩৭। আইআইটি খড়গপুর'এর তরফ থেকে, কাকে 'ডক্টর অফ সায়েন্স'



(অনারিস কাউসা) ডিগ্রি দেওয়া হল — 'অ্যালফাবেট'এর সিইও সুন্দর পিচাই।

৩৮। ইউনেস্কো বিশ্ব ঐতিহ্য মর্যাদা পাওয়া, 'কালচারাল ল্যান্ডস্কেপ অফ কেনোজিরো লেক' কোন দেশে অবস্থিত — রাশিয়া।

৩৯। ভারতের কোন রাজ্যের রাজ্যপাল হিসাবে নিযুক্ত হয়েছেন ওম প্রকাশ মাথুর — সিকিম।

৪০। কোন সংস্থা 'ডিস্ট্রিক্ট' অ্যাপ চালু করেছে — জোম্যাটো।

৪১। 'আন্তর্জাতিক মহাকাশ স্টেশন'এ 'অ্যাক্সিওম-৪' নামে এক বিশেষ অভিযানে কোন দুই ভারতীয় মহাকাশচারীকে বেছে নেওয়া হল — গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা ও প্রশান্ত বালাকৃষ্ণণ নায়ার।

৪২। 'ভারতীয় অঙ্গ দান দিবস' কবে পালিত হয় — ৩ আগস্ট।

৪৩। 'জাতীয় বন্ধুত্ব দিবস' কবে পালিত হয় — ৪ আগস্ট।

৪৪। আইসিএআর-সেন্ট্রাল মেরিন ফিশারিজ রিসার্চ ইনস্টিটিউট'এর ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন কে — ড.গ্রিনসন জর্জ।

৪৫। সম্প্রতি প্রয়াত যামিনী কৃষ্ণমূর্তি (৮৪ বছর) কে ছিলেন — নৃত্যশিল্পী।

৪৬। 'বর্ডার সিকিউরিটি ফোর্স'এর ডিরেক্টর জেনারেল হিসাবে অতিরিক্ত দায়িত্ব নিলেন কে — দলজিৎ সিং চৌধুরি।

৪৭। দেশে চালু হওয়া নতুন তিনটি ফৌজদারি আইনের সুষ্ঠু প্রয়োগ নিশ্চিত করতে, ৪টি (ই-সাক্ষ্য, ন্যায় সেতু, ন্যায় শ্রুতি ও ই-সমন) অ্যাপ চালু করলেন কে — কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

৪৮। ডাটা ম্যানেজমেন্টের জন্য 'নিবাহিকা' ওয়েব পোর্টাল চালু করেছে কারা — এনআইটি-কালিকট।

৪৯। কোন সংস্থাকে ২০০ অ্যাস্ট্রা মার্ক-১ বায়ু থেকে বায়ু মিসাইল তৈরির ছাড়পত্র দিল ভারতীয় বায়ুসেনা — ভারত ডায়নামিক্স লিমিটেড।

৫০। ভারতের কোন রাজ্যে ২৭,০০০ কোটি টাকার সেমিকন্ডাক্টর সুবিধা চালু করল 'টাটা গোষ্ঠী' — অসম।

৫১। 'আকাদেমি অফ মোশন পিকচার আর্টস অ্যান্ড সায়েন্সেস'এর প্রেসিডেন্ট এখন কে — জ্যানেট ইয়াং।

৫২। যোগ্য মহিলাদের আর্থিক সহায়তা দিতে, 'মুখ্যমন্ত্রী মাইয়া সম্মান যোজনা' চালু করল ভারতের কোন রাজ্য — ঝাড়খণ্ড।

৫৩। গ্লোবাল ট্র্যাডিশনাল মেডিসিন সেন্টারের জন্য কোন সংস্থার সঙ্গে চুক্তি সাক্ষর করল ভারত — বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

৫৪। 'বিশ্ব স্তন্যপান সপ্তাহ' কবে পালিত হয় — ১ থেকে ৭ আগস্ট।

৫৫। কোন সংস্থার সহায়তায় 'গ্রিন ন্যাশনাল হাইওয়ে করিডর প্রকল্প' চালু করবে ভারত — বিশ্বব্যাঙ্ক।

৫৬। ভারতীয় সেনাবাহিনীর অ্যাডজুট্যান্ট জেনারেল হিসাবে দায়িত্ব নিলেন কে — বীরেশ প্রতাপ সিং কৌশিক।

৫৭। বিপর্যয় ঝুঁকি ব্যবস্থাপনা সমাধানের বিষয়ে 'এসবিআই জেনারেল ইন্সিওরেন্স'এর সঙ্গে সমঝোতা চুক্তি সাক্ষর করল কোন রাজ্য — নাগাল্যান্ড।

৫৮। ফিজি'র সর্বোচ্চ বেসামরিক পুরস্কার 'কম্প্যানিয়ন অফ দ্য অর্ডার অফ ফিজি' পেলেন কে — রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।

৫৯। মার্কিন যুক্তরাষ্ট্রে ডেমোক্রেটিক পার্টির প্রেসিডেন্ট মনোনয়ন জিতলেন কে — কমলা হ্যারিস।

৬০। 'ইনস্টিটিউট অফ কস্ট অ্যাকাউন্ট্যান্টস অফ ইন্ডিয়া'র প্রেসিডেন্ট হিসাবে নিযুক্ত হলেন কে — বিভূতি ভূষণ নায়েক।

৬১। থোরিয়াম গলিত লবণকে জ্বালানি হিসাবে ব্যবহার করে, বিশ্বের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র তৈরি করার পরিকল্পনা নিয়েছে কোন দেশ — চিন।

৬২। 'ইউনাইটেড নেশনস কম্যান্ড'এর ১৮ তম সদস্য হল কোন দেশ — জার্মানি।

৬৩। 'অসম রাইফেলস'এর ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন কে — লেফটেন্যান্ট জেনারেল বিকাশ লাখেরা।

৬৪। পুদুচেরির ২৫ তম লেফটেন্যান্ট গভর্নর হিসাবে শপথ নিলেন কে — কে.কৈলাশনাথন।

৬৫। ভারতে কোন দুই রাজ্যে দু'টি নতুন ময়ূর অভয়ারণ্য তৈরির ঘোষণা করলেন কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব — কর্ণাটক ও কেরল।

৬৬। এবছর 'ফরচুন গ্লোবাল ৫০০' তালিকায় শীর্ষ ভারতীয় সংস্থার শিরোপা পেল কোন সংস্থা — রিলায়েন্স ইন্ডাস্ট্রিজ লিমিটেড (এই সংস্থার স্থান '৮৬ নম্বরে)।

৬৭। ৫ আগস্ট, শ্রাবণ মাসের তৃতীয় সোমবার সবথেকে বেশি মানুষ ডমরু বাজিয়ে 'গিনেস ওয়ার্ল্ড রেকর্ড' গড়ল কোন শহর — উজ্জয়িনী।

৬৮। কোথায় 'ডিজিটাল শক্তি কেন্দ্র'এর উদ্বোধন করল 'জাতীয় মহিলা কমিশন' — নয়াদিল্লি।

৬৯। ভারতের ইনস্টল করা পুনর্নবীকরণযোগ্য শক্তি ক্ষমতা ১০ বছরে কত শতাংশ বেড়েছে — ১৬৫%।

৭০। ভারতের প্রথম রাজ্য হিসাবে, ন্যূনতম সহায়ক মূল্যে কৃষকদের কাছ থেকে সব ফসল কিনছে কারা — হরিয়ানা।

৭১। স্বাস্থ্যকর্মীদের দৈনিক উপস্থিতি ট্র্যাক করতে, 'উপস্থিতি' পোর্টাল চালু করল কোন রাজ্য — ঝাড়খণ্ড।

৭২। বিমস্টেক বিজনেস সামিট কোথায় হয়েছে — নয়াদিল্লি।

৭৩। পোল্যান্ডে, ভারতের প্রথম জিআই ট্যাগযুক্ত ডুমুরের রস রফতানি করে একটি উল্লেখযোগ্য মাইলফলক অর্জন করল কোন সংস্থা — পুরন্দর হাইল্যান্ডস ফার্মার্স প্রডিউসার কোম্পানি লিমিটেড।

৭৪। 'কেন্দ্রীয় বিদ্যুৎ নিয়ন্ত্রক কমিশন'এর সদস্য হিসাবে নিযুক্ত হলেন কে — হরিশ দুদানি।

৭৫। বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান হিসাবে শপথ নিলেন কে — মুহাম্মদ ইউনুস।

৭৬। তিউনিশিয়ার প্রধানমন্ত্রী হিসাবে মনোনীত হলেন কে — কামেল মাদৌরি।

৭৭। সাসটেইনেবল ট্যুরিজম ফর লাইভলিহুড রিকভারি প্রোজেক্টে, 'প্যাসিফিক এশিয়া ট্র্যাভেল অ্যাসোসিয়েশন' গোল্ড পুরস্কার পেল কোন দেশের পর্যটন বোর্ড — নেপাল।

৭৮। কেন্দ্রশাসিত অঞ্চল লাদাখে মোট ক'টি নতুন জেলা গঠনের অনুমোদন দিল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক — ৫টি (জেলাগুলি হল : জান্সকর, দ্রাস, শাম, নুব্রা ও চাংথাং)।

৭৯। দ্বিতীয় 'ভারত-সিঙ্গাপুর মিনিস্ট্রিয়াল রাউন্ড টেবিল' আয়োজন করেছে কোন দেশ — সিঙ্গাপুর।

৮০। 'টেক্সাস ইকোনমিক ডেভেলপমেন্ট কর্পোরেশন' পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হিসাবে নিযুক্ত হলেন কে — অরুণ আগরওয়াল।

৮১। মাত্র ৫ বছর বয়সে, আফ্রিকার সর্বোচ্চ শিখর 'মাউন্ট কিলিমাঞ্জারো'র চূড়ায় আরোহণ করে রেকর্ড গড়ল কে — পঞ্জাবের রোপারের বাসিন্দা তেগবীর সিং।

৮২। একটি নতুন 'আত্মঘাতী ড্রোন' উন্মোচন করল কোন দেশ — উত্তর কোরিয়া।

৮৩। সম্প্রতি প্রয়াত সেলিম আল-হোস (৯৪ বছর) কোন দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ছিলেন — লেবানন।

৮৪। বিজ্ঞান ও প্রযুক্তির ওপর লক্ষ্য রেখে, মোট কত টাকার 'বিজ্ঞান ধারা প্রকল্প'এর অনুমোদন দিল কেন্দ্রীয় মন্ত্রিসভা — ১০,৫৭৯ কোটি।

৮৫। ভারতের কোন রাজ্যের 'সামানাথাম ট্যাঙ্ক'কে পাখি অভয়ারণ্যে রূপান্তরিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে — তামিলনাড়ু।

৮৬। 'ন্যাসকম'এর চেয়ারপার্সন হিসাবে নিযুক্ত হলেন কে — সিন্ধু গঙ্গাধরন।

৮৭। মানবিক সহায়তার অংশ হিসাবে, কোন দেশকে ৪টি 'ভীষ্ম' কিউব দিল ভারত — ইউক্রেন।

## খেলাধূলা

৮৮। এবছর আইসিসি পুরুষদের টোয়েন্টি-২০ বিশ্বকাপ জিতল কোন দল — ভারত।

৮৯। এবছর 'অনূর্ধ্ব-১৭ এশিয়ান রেসলিং চ্যাম্পিয়নশিপ'এ ভারত মোট ক'টি পদক পেয়েছে — ১১টি (এর মধ্যে ৪টি সোনা, ২টি রুপো ও ৫টি ব্রঞ্জ পদক)।

৯০। প্রথম ভারতীয় প্যাডলার হিসাবে ডব্লুটিটি আয়োজিত কন্টেন্ডার সিঙ্গলস খেতাব জিতে নজির গড়লেন কে — সৃজা আকুলা।

৯১। এবছর 'লিওন মাস্টার্স দাবা চ্যাম্পিয়নশিপ' জিতলেন কে — ভারতের বিশ্বনাথন আনন্দ (স্পেনের জেইমে সান্তোস লাতাসা'কে ৩-১ ব্যবধানে হারিয়ে এই খেতাব পেলেন তিনি)।

৯২। সম্প্রতি প্রয়াত ভূপিন্দর সিং রাওয়াত (৮৫ বছর) কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন — ফুটবল।

৯৩। এবছর ফিডে বিশ্ব চ্যাম্পিয়নশিপ ম্যাচ আয়োজন করবে কোন দেশ — সিঙ্গাপুর।

৯৪। প্রথম ভারতীয় অলরাউন্ডার হিসাবে, আইসিসি'র বিচারে, পুরুষদের টোয়েন্টি-২০'তে অলরাউন্ডারদের র‍্যাঙ্কিংয়ে এক নম্বরে উঠে এলেন কে — হার্দিক পান্ডিয়া।

৯৫। পুরুষ ও মহিলা হকি খেলোয়াড়দের জন্য প্রথমবার 'মাস্টার কাপ' আয়োজন করবে কোন দেশ — ভারত।

৯৬। ভারতীয় পুরুষ ক্রিকেট দলের



প্রধান কোচ হিসাবে নিযুক্ত হলেন কে — গৌতম গম্ভীর।

৯৭। এবছর মালয়েশিয়ার জোহরে, 'এশিয়ান ডাবলস স্কোয়াশ চ্যাম্পিয়নশিপ'এ পুরুষদের ডাবলস ও মিক্সড ডাবলসের শিরোপা পেলেন কে — ভারতীয় তারকা অভয় সিং।

৯৮। এবছর সৌদি আরবের রিয়াধে, 'এশিয়ান বিলিয়ার্ডস চ্যাম্পিয়নশিপ' জিতলেন কে — ধ্রুব সিতওয়ালা।

৯৯। আইসিসি'র বিচারে, 'জুনের সেরা পুরুষ খেলোয়াড়'এর শিরোপা পেলেন কে — ভারতীয় তারকা পেসার জসপ্রীত বুমরাহ।

১০০। আইসিসি'র বিচারে, 'জুনের সেরা মহিলা খেলোয়াড়'এর শিরোপা পেলেন কে — ভারতের স্মৃতি মন্ধানা।

১০১। 'ইন্ডিয়ান রেসিং ফেস্টিভ্যাল'এ, কলকাতা রয়্যাল টাইগার্স রেসিং দলের মালিকানা কিনলেন কে — সৌরভ গঙ্গোপাধ্যায়।

সঙ্কলক : পলি দেওয়ান

সাম্প্রতিক তথ্য ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এইবিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পি.এস.সি.'র

■ *সাব-ইন্সপেক্টর অফ স্কুল পদের বিজ্ঞপ্তি কি প্রতি বছর বেরোয়? এই পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স দরকার? প্রার্থী বাছাই পরীক্ষায় কী কী বিষয় থাকে? — নুপুর বিশ্বাস, হাড়োয়া, বসিরহাট, উত্তর ২৪ পরগনা। মিতালি দাস, নেতাজী সুভাষ রোড, শ্রীরামপুর, হুগলি।*

■■ এই পদের বিজ্ঞপ্তি প্রতি বছর বেরোয় না। শূন্যপদ তৈরি হলে পি.এস.সি. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেয়। দ্বিতীয় শ্রেণির অনার্স গ্র্যাজুয়েট বা, দ্বিতীয় শ্রেণির মাস্টার ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বি.টি. কিংবা বি. এড. কোর্স পাশ থাকা দরকার। বয়স হতে হবে ৩৬ বছরের মধ্যে। প্রার্থী বাছাই হবে স্ক্রীনিং টেস্ট / লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

প্রথমে স্ক্রীনিং টেস্টে লিখিত পরীক্ষা হবে। প্রশ্ন হবে অবজেক্টিভ টাইপের। ২০০ নম্বরের দেড় ঘন্টার পরীক্ষায় থাকবে এই সব বিষয় : (১) এডুকেশন বিষয়ে ৫০টি প্রশ্ন, (২) জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক বিষয়ে ৫০টি প্রশ্ন। প্রতিটি প্রশ্নে থাকবে ২ নম্বর। এডুকেশন বিষয়ের প্রশ্ন হবে বি.এড. কোর্সের সিলেবাস অনুযায়ী। জেনারেল স্টাডিজ বিষয়ে থাকবে সাম্প্রতিক ঘটনা ও সাধারণ অভিজ্ঞতাসংক্রান্ত প্রশ্ন। অ্যারিথমেটিক বিষয়ের প্রশ্ন থাকবে পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদের মাধ্যমিকের সিলেবাস অনুযায়ী।

■ *২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষা কবে হবে? গত সপ্তাহে লিখেছেন প্রিলি পরীক্ষা হবে ১৫ ডিসেম্বর। এখনো বিজ্ঞপ্তি বেরোয়নি। বিজ্ঞপ্তি কবে বেরোবে? পরীক্ষা কি ১৫ ডিসেম্বর হবে? — মারুফা খাতুন, পানপুর, নৈহাটী, উত্তর ২৪ পরগনা।*

■■ পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন আগেই বিজ্ঞপ্তি দিয়ে পরীক্ষার তারিখ ঘোষণা করেছিল। কিন্তু এখনো ২০২৪ সালের ডব্লু.বি.সি.এস. পরীক্ষার বিজ্ঞপ্তিই প্রকাশিত হয়নি। সম্ভবত নভেম্বরের প্রথম সপ্তাহেই বিজ্ঞপ্তি বেরোবে। বিজ্ঞপ্তি বেরোনোর দিন থেকে প্রায় ১ মাস মতো সময় লাগবে দরখাস্ত জমা দিতে। তাই পরীক্ষা ১৫ ডিসেম্বর হওয়ার সম্ভাবনা নেই।

## স্টাফ সিলেকশনের

■ *২০২৪ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল (সি.জি.এল.) টায়ার-১'এর ফল কবে বেরোবে? আগামী বছর বিজ্ঞপ্তি কবে বেরোবে? বয়সসীমা ৩২ বছর বলা হয়েছে, সব পদের ক্ষেত্রে ৩২ বছর না জে.টি.ও. পদের জন্য ৩২ বছর? — শ্যামসুন্দর দাস, বাঘাযতীন, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ ২০২৪ সালের টায়ার-১'এর ফল বেরোবে ডিসেম্বর মাস নাগাদ। ২০২৫ সালের কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে আগামী বছর জুলাই মাস নাগাদ। অডিটর, অ্যাকাউন্ট্যান্ট, পোস্টাল অ্যাসিস্ট্যান্ট, সর্টিং অ্যাসিস্ট্যান্ট, আপার ডিভিশন ক্লার্ক, ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট ইত্যাদি পদের বেলায় বয়স হতে হবে ২৭ বছরের মধ্যে। অ্যাসিস্ট্যান্ট সেকশন অফিসার, ইনকাম ট্যাক্স ইন্সপেক্টর, ইন্সপেক্টর (সেন্ট্রাল এক্সাইজ), ইন্সপেক্টর অফ পোস্ট, এক্সিকিউটিভ অ্যাসিস্ট্যান্ট, জুনিয়র ইন্টেলিজেন্স অফিসার ইত্যাদি পদের বেলায় বয়স হতে হবে ৩০ বছরের মধ্যে। জুনিয়র স্ট্যাটিস্টিক্যাল অফিসার পদের বেলায় বয়স হতে হবে ৩২ বছরের মধ্যে।

## ইউ.পি.এস.সি.'র

■ *ইউ.পি.এস.সি. ফর্ম কখন বেরোয়? কী কী বিষয়ের প্রশ্ন হয়? বয়স ও শিক্ষাগত যোগ্যতা কেমন লাগে? উচ্চমাধ্যমিকে ৬০% ও ডিগ্রি কোর্সে ৪৮% নম্বর আছে। দরখাস্ত করতে পারব কি? — সুরজিৎ দত্ত, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।*

■■ ইউ.পি.এস.সি.'র সিভিল সার্ভিস ২০২৫ সালের পরীক্ষার বিজ্ঞপ্তি বেরোবে আগামী বছর ২২ জানুয়ারি। পরীক্ষা হবে আগামী বছর ২৫ মে। সাধারণভাবে গ্র্যাজুয়েট হলেই এই পরীক্ষা দেওয়া যায়। কোনো নম্বরের কড়াকড়ি নেই। ইউ.পি.এস.সি.'র সিভিল সার্ভিস পরীক্ষার জন্য গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.-রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। সাধারণ প্রার্থীরা ৬ বার, ও.বি.সি.'রা ৯ বার ও তপশিলীরা যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের মোট ৪০০ নম্বরের ২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে থাকবে এইসব বিষয় : (১) জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ের ওপর সাম্প্রতিক ঘটনা, (২) ভারতীয় ইতিহাস ও ভারতের স্বাধীনতা সংগ্রাম, (৩) ভারতীয় ও বিশ্বের ভূগোল — শারীরিক, সামাজিক, অর্থনৈতিক ভূগোল, (৪) ভারতীয় রাষ্ট্রনীতি ও তাৎপর্য — সংবিধান, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতী রাজ, পাবলিক পলিসি, অধিকার ইত্যাদি, (৫) অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন — দীর্ঘস্থায়ী উন্নয়ন, দারিদ্র, অন্তর্ভুক্তিকরণ, প্রাকৃতিক বৈচিত্র্য, সামাজিক ক্ষেত্রে উদ্যোগ (৬) পরিবেশগত ভারসাম্য, আবহাওয়ার পরিবর্তন ও জীব বৈচিত্র্য বিষয়ক (৭) সাধারণ বিজ্ঞান।

দ্বিতীয় পেপারে থাকবে এইসব বিষয় : (১) কমপ্রিহেনশন, (২) জনসংযোগ দক্ষতা-সহ ব্যক্তিত্ব দক্ষতা, (৩) লজিক্যাল রিজনিং ও অ্যানালিটিক্যাল এবিলিটি, (৪) সিদ্ধান্ত নেওয়া ও সমস্যার সমাধান, (৫) জেনারেল মেন্টাল এবিলিটি, (৬) বেসিক নিউমারেসি (সংখ্যা ও তার সম্পর্ক, দ্রাঘিমাংশ), ডাটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডাটা সাফিসিয়েন্সি, (৭) ইংলিশ ল্যাঙ্গোয়েজ কম্প্রিহেনশন স্কিল (মাধ্যমিক লেভেল)। প্রতিটি পেপারে ২০০ নম্বরের পরীক্ষা হবে। সময় ২ ঘন্টা। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে।

মেন পরীক্ষায় থাকবে মোট ২,৬২৫ নম্বর (কোয়ালিফাইং পেপার ৬০০ নম্বর, মেধাভিত্তিক ১,৭৫০ নম্বরের ৭টি পেপার, পার্সোন্যালিটি টেস্ট ২৭৫ নম্বর)। ৬০০ নম্বরের কোয়ালিফাইং পেপার আছে এই ২টি : (১) প্রথম পত্র : ভারতীয় ভাষার যে কোনো একটি ভাষা পেপার - ৩০০ নম্বর, (২) দ্বিতীয় পত্র : ইংরিজি - ৩০০ নম্বর। এছাড়াও মেধা ভিত্তিক পেপারগুলি হল : (১) প্রথম পত্র : প্রবন্ধ লেখা -২৫০ নম্বর, (২) দ্বিতীয় পত্র : জেনারেল স্টাডিজ- I (ভারতীয় ঐতিহ্য ও সংস্কৃতি, বিশ্বের ভূগোল ও বিশ্বের ইতিহাস) - ২৫০ নম্বর, (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ - II (সংবিধান, রাষ্ট্রনীতি, সামাজিক বিচার ও আন্তর্জাতিক সম্পর্ক) - ২৫০ নম্বর, (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ - III (প্রযুক্তি, অর্থনৈতিক উন্নয়ন, বায়ো-ডাইভারসিটি, এনভায়রণমেন্ট, সিকিউরিটি অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট) - ২৫০ নম্বর, (৫) পঞ্চম পত্র : জেনারেল স্টাডিজ -IV (এথিক্স, ইন্টিগ্রিটি ও অ্যাপ্টিটিউড) - ২৫০ নম্বর, (৬) ষষ্ঠ পত্র : ঐচ্ছিক বিষয়ের প্রথম পত্র - ২৫০ নম্বর। (৭) সপ্তম পত্র : ঐচ্ছিক বিষয়ের দ্বিতীয় পত্র - ২৫০ নম্বর।

মেনস-এ ৯টি পেপারের পরীক্ষা হবে ডেসক্রিপ্টিভ টাইপের।

ঐচ্ছিক বিষয় বাছতে হবে এইসব বিষয় থেকে : অ্যাগ্রিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, অ্যানথ্রোপলজি, বটানি, কেমিস্ট্রি, সিভিল ইঞ্জিনিয়ারিং, কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি, অর্থনীতি; ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ভূগোল, জিওলজি, ইতিহাস, আইন, ম্যানেজমেন্ট, অঙ্ক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল সায়েন্স, দর্শন, ফিজিক্স, রাষ্ট্রবিজ্ঞান ও ইন্টারন্যাশনাল রিলেশন্স, সাইকোলজি, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, সোশিওলজি, জুলজি, স্ট্যাটিস্টিক্স। উত্তর দিতে পারবেন বাংলা, ইংরিজি-সহ অন্যান্য ২২টি আঞ্চলিক ভাষায়। ঐচ্ছিক বিষয়ের প্রতিটিতে থাকবে ৩ ঘন্টা সময়।

ঐচ্ছিক বিষয় হিসাবে এই কম্বিনেশন বিষয় নিতে পারবেন না : (১) রাষ্ট্রবিজ্ঞান অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশন্স ও পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, (২) কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি আর ম্যানেজমেন্ট, (৩) অ্যানথ্রোপলজি ও সোশিওলজি, (৪) অঙ্ক ও স্ট্যাটিস্টিক্স, (৫) অ্যাগ্রিকালচার ও অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, (৬) ম্যানেজমেন্ট অ্যান্ড পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, (৭) সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (একটির বেশি বিষয় নয়), (৮) অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স ও মেডিক্যাল সায়েন্স।

'মেন' পরীক্ষায় সফল হলে ২৭৫ নম্বরের ইন্টারভিউ। চূড়ান্ত তালিকা তৈরির সময় প্রিলিমিনারি পরীক্ষায় পাওয়া নম্বর ধরা হবে না।

## প্রাইমারির

■ *২০২৩ সালের প্রাইমারি 'টেট'এর ফল কবে বেরোবে? ২০২৪ সালের প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি কবে বেরোবে? — দীনবন্ধু ঘোষ, নোয়া নগর, নানুর, বীরভূম। মিনা মেটে, মাঝিগ্রাম, পূর্ব বর্ধমান।*

■■ ২০২৩ সালের প্রাইমারি 'টেট'এর ফল এবছরই বেরোনোর সম্ভাবনা আছে। ২০২৪ সালের প্রাইমারি 'টেট'এর বিজ্ঞপ্তি কবে বেরোবে তা ঠিক হয়নি। সম্ভবত বিজ্ঞপ্তি বেরোতে দেরি হবে।

## অন্যান্য চাকরির

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রি কোর্স পাশ করেছি। এই সার্টিফিকেট কি সব চাকরির জন্য যোগ্য? বয়স ৩২+, তপশিলী জাতির সার্টিফিকেট আছে। রাজ্য সরকারের কোন কোন পরীক্ষা দিতে পারব? — দীপ সরকার, টাকা গাছ, কোচবিহার।*

■■ হ্যাঁ, সব চাকরির পরীক্ষার জন্যই দরখাস্ত করতে পারবেন। রাজ্য সরকারের ক্লার্কশিপ, গ্রুপ-ডি, মিসলেনিয়াস সার্ভিসেস, ডব্লু.বি.সি.এস.-সহ একাধিক রাজ্য সরকারের পরীক্ষার জন্য দরখাস্ত করতে পারবেন।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| গেইল-এ এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ১,১৩০ | ১৭-২-২৫-১৮-৩-২৫ | https.gailonline.com |
| ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশে কনস্টেবল (ড্রাইভার) | মাধ্যমিক ও ড্রাইভিং | ৫৪৫ | ৮-১০-২৪-৬-১১-২৪ | www.recruitment.itbpolice.nic.in |
| রেলে ক্লার্ক, টাইপিস্ট | উচ্চমাধ্যমিক | ৩,৪৪৫ | ২৯-১০-২৪ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| অস্ত্র কারখানায় অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৪,০৩৯ | - | http://www.yantraindia.co.in |
| ভারত ইলেক্ট্রনিক্সে অ্যাপ্রেন্টিস | ডিপ্লোমা ইঞ্জিনিয়ার | ৯০ | ৪-১১-২৪ | www.nats.education.gov.in |
| পাওয়ার গ্রিডে ট্রেনি ইঞ্জিনিয়ার | গ্র্যাজুয়েট | ৪৭ | ৬-১১-২৪ | www.powergrid.in |
| ইউনাইটেড ইন্ডিয়া ইনসিওরেন্সে অফিসার | গ্র্যাজুয়েট | ২০০ | ৫-১১-২৪ | www.uiic.co.in |
| সেনাবাহিনীতে ইঞ্জিনিয়ারিং কোর্স পড়ে চাকরি | উচ্চমাধ্যমিক | ৯০ | ৫-১১-২৪ | www.joinindianarmy.nic.in |
| এয়ারপোর্টস অথরিটিতে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট ITI, ডিপ্লোমা | ১৩৫ | ৩১-১০-২৪ | www.nats.education.gov.in |
| টেরিটোরিয়াল আর্মিতে সোলজার | গ্র্যাজুয়েট | ৩৮৯ | র‍্যালি হবে ১৪-২১ নভেম্বর | www.jointerritorialarmy.gov.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| SSC-CAPFs এর কনস্টেবল (জেনারেল ডিউটি), অসম রাইফেলসের পরীক্ষা | জানুয়ারি-ফেব্রুয়ারি-২০২৫ | www.ssc.gov.in |
| SSC-CHSL-এর মেনস পরীক্ষা | ১৮ নভেম্বর | www.ssc.nic.in |
| SSC-হিন্দি ট্রান্সলেটর পরীক্ষা | ৯ ডিসেম্বর | www.ssc.nic.in |
| CBSE-C-TET পরীক্ষা | ১ ডিসেম্বর | https://ctet.nic.in |
| PSC-এর ক্লার্কশিপ পরীক্ষা | ১৬-১৭ নভেম্বর | www.wbpsc.gov.in |
| SSC-MTS-2024-পরীক্ষা | ৩০ সেপ্টেম্বর-১৪ নভেম্বর | www.ssc.nic.in |
| রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা | ২৫ নভেম্বর-২৯ নভেম্বর | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | ১৫ ডিসেম্বর | www.wbpsc.gov.in |
| PSC- অডিট অ্যান্ড অ্যাকাউন্টস সার্ভিস পরীক্ষা | ২৭ অক্টোবর | www.wbpsc.gov.in |
| RPF সাব-ইন্সপেক্টর পরীক্ষা | ২-১২ ডিসেম্বর | www.rpf.indianrailways.gov.in |
| SSC- স্টেনো গ্রেড-সি ও ডি পরীক্ষা | ১০-১১ ডিসেম্বর | www.ssc.gov.in |
| NABARD- অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার গ্রেড-এ'র মেনস পরীক্ষা | ২০ অক্টোবর | www.nabard.org |
| রেলের টেকনিশিয়ান পদের পরীক্ষা | ১৮ ডিসেম্বর-২৯ ডিসেম্বর | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষা | ১৩ ডিসেম্বর-১৭ ডিসেম্বর | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |

Scanned with OKEN Scanner

## WBPSC Exam

# ক্লার্কশিপ পরীক্ষা



পশ্চিমবঙ্গ সরকারের সেক্রেটারিয়েট, ডিরেক্টরেট, জেলা অফিসার ও অন্যান্য আঞ্চলিক অফিসে কাজের জন্য 'লোয়ার ডিভিশন ক্লার্ক' পদে প্রায় ৬,০০০ শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হয়েছে। প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। প্রথমে লিখিত পরীক্ষা হবে দু'টি পার্টে। প্রথম পার্টের পরীক্ষা হবে ১৬ ও ১৭ নভেম্বর। এই পরীক্ষায় ১০০ নম্বরের ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) ইংরিজি - ৩০ নম্বর, (খ) জেনারেল স্টাডিজ - ৪০ নম্বর, (গ) অ্যারিথমেটিক - ৩০ নম্বর। সময় থাকবে দেড় ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.২৫ নম্বর কাটা হবে। দ্বিতীয় পার্টে প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের। প্রথম পার্টে যেমন ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর নিয়ে আলোচনা করছেন রাজ্য সরকারের মূল্যায়ণ পর্ষদে কর্মরত নুরুল ইসলাম।

## পি.এস.সি ক্লার্কশিপ

1. The verb form of error
(A) erring (B) error (C) earing (D) err

2. *Identify the tense used in the following sentence.*
By the time we finish the race, we will have been running for two hours.
(A) Simple Past
(B) Past Perfect
(C) Future perfect continuous
(D) Present Perfect Continuous

**Direction (3-4):** *Choose the one which best expresses the meaning.*

3. INFAMY
(A) Dishonour (B) Glory (C) Integrity (D) Reputation

4. FORAY
(A) Maraud (B) Contest (C) Ranger (D) Intuition

**Direction (5-6):** *Find out which part of a sentence has an error.*

5. He was in such hurry that he didn't wait for me.
(A) He was in such hurry (B) No error.
(C) wait for me (D) that he didn't

6. Do you know to play the guitar.
(A) No error (B) to play (C) Do you know (D) the guitar

**Direction (7-9) :** *Choose the correct alternative out of the four.*

7. The students are hell bent ...... getting the teacher changed.
(A) on (B) for (C) upon (D) at

8. Will you kindly ........ the knot ?
(A) untie (B) break (C) loose (D) open

9. During his long lecture, he did not touch......... the main topic.
(A) upon (B) on (C) of (D) No Preposition

10. *Find the misspelt word.*
(A) maintenance (B) acknowledge
(C) dillema (D) amateur

**Direction (11-13) :** *Choose the correct alternative in case any improvement is needed.*

11. Asish had told me that he hasn't done it yet.
(A) told (B) tells (C) was telling (D) No improvement

12. He could not look anything in the darkroom.
(A) look at (B) see (C) see through (D) No improvement

13. Select the one which best expresses the same sentence in Passive / Active voice.
Why was it said by him?
(A) Why was it being said by him? (B) Why was he saying it? (C) Why did he say it? (D) Why he say it?

14. Singular form of agenda?
(A) agendum (B) agendam (C) agendas (D) agendes

**Direction (15-16) :** *Choose the word opposite in meaning to the given word.*

15. HYPOCRITICAL
(A) Gentle (B) Sincere (C) Amlable (D) Dependable

16. FICKLE
(A) Courageous (B) Sincere (C) Steadfast (D) Humble

17. Feminine form of Viceroy
(A) Vicereine (B) Viceray
(C) Vicerary (D) None of the above

**Direction (18-20) :** *Choose the alternative which best expresses the meaning of the Idiom/Phrase.*

18. We must work with all our might and main, otherwise we cannot succeed.
(A) full force (B) complete trust
(C) exceptional skill (D) full unity

19. The students found it hard to go at equal speed with the professor.
(A) get away from (B) put up with
(C) keep up with (D) race against

20. To bear the palm :
(A) To win (B) To accept a challenge
(C) To accept defeat (D) To endure something

21. *Select the correct passive form of the given sentence.*
Nobody fed him when he was starving.
A. He had not been fed by anybody when he was starving.
B. He is not fed by anybody when he is starving.
C. He were fed by nobody when he were starving.
D. He was fed by nobody when he was starving.

**Direction (22-26) :** *Choose the one which can be substituted for the given sentence.*

22. One who is in charge of museum.
(A) Curator (B) Supervisor
(C) Caretaker (D) Warden

23. Policeman riding on motorcycles as guards to a VIP.
(A) Outriders (B) Servants
(C) Commandos (D) Attendants

24. Hater of learning and knowledge.
(A) Mycologist (B) Bibliophile
(C) Misologist (D) Philologist

25. A short stay at a place
(A) Aborigines (B) Parvenu
(C) Sojourn (D) Soprano

26. A song to put babies to sleep.
(A) Reveille (B) Lullaby
(C) Wreath (D) Distort

27. She wanted to go on vacation, so she saved money. Convert this to a simple sentence.
(A) As she wanted to go on vacation she saved money.
(B) She saved money for vacation.
(C) She wanted to go on vacation and saved her money.
(D) Although she saved her money, she wanted to go on vacation.

28. Add a suitable prefix to form the opposite of the word 'political'.
(A) antipolitical (B) Nonpolitical
(C) Politically (D) apolitical

29. The past tense of rewind is
(A) rewound (B) rewounded
(C) rewinded (D) None of the above

30. The cupboard does not seem to be broken.(Transform into an affirmative sentence)
(A) The cupboard is to be broken.
(B) The cupboard seems to be broken down.
(C) The cupboard seems to be broken.
(D) The cupboard does it seem to be broke?

31. 'রেনেসাঁ' রাজনৈতিক দলটির হয়ে এখন প্রতিনিধিত্ব করেন নীচের কোন রাষ্ট্রনেতা?
(A) লুলা দ্যা সিলভা (B) জাস্টিন ট্রুডো
(C) নিকোলাস সারকোজি (D) এমানুয়েল ম্যাক্রন

32. তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের বিখ্যাত উপন্যাস 'হাঁসুলী বাঁকের উপকথা'। এই হাঁসুলী গ্রামটির অবস্থান পশ্চিমবঙ্গের কোন জেলায়?
(A) বাঁকুড়া (B) নদিয়া (C) হুগলি (D) বীরভূম

33. নিচের কোন ফুটবল ক্লাবটি সবথেকে আগে প্রতিষ্ঠা হয়?
(A) মোহনবাগান (B) ইস্টবেঙ্গল
(C) মহামেডান (D) চার্চিল স্পোর্টিং ক্লাব

34. ভারতের দৈনিক আবহাওয়া মানচিত্র প্রকাশ করে নিচের কোন সংস্থা?
(A) সার্ভে অফ ইন্ডিয়া (B) ইন্ডিয়ান মেটেওরোলজিক্যাল ডিপার্টমেন্ট (C) ন্যাশনাল অ্যাটলাস অ্যান্ড থিম্যাটিক ম্যাপিং অর্গানাইজেশন (D) জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া

35. শ্রীলঙ্কার নবনিযুক্ত প্রধানমন্ত্রী কে?
(A) হরিনি অমরাসূর্য (B) অরুণকুমার দেশনায়েক
(C) নমাল রাজপক্ষে (D) রনিল বিক্রমাসিংঘে

36. ইউক্রেন ও মধ্যপূর্বের বিবাদ সংক্রান্ত সদ্য প্রকাশিত গ্রন্থ 'WAR' এর রচয়িতা হলেন —
(A) হ্যান কাং (B) গ্যাব্রিয়েল গার্সিয়া মার্কুয়েজ
(C) বব উডওয়ার্ড (D) শশী থারুর

37. ANTIPODES, CYCLOPS, TITAN এগুলি হল —
(A) পৃথিবীর কৃত্রিম উপগ্রহ (B) একধরনের পর্যটক সাবমেরিন (C) ভারতের রণতরী (D) সুপার কম্পিউটার

38. পশ্চিমবঙ্গ সরকার 'রাত্রি সাথী' অ্যাপটি ঘোষণা করেছে নিচের কোনটির নিরাপত্তা সুনিশ্চিত করতে?
(A) ডাক্তার, নার্সদের নিরাপত্তা সুনিশ্চিত করতে
(B) মহিলা ও শিশুদের যৌন হেনস্তা থেকে রক্ষা
(C) মহিলাদের কর্মক্ষেত্রে নিরাপত্তা সুনিশ্চিত করতে (D) মহিলাদের রাত্রিকালীন স্বাস্থ্য পরিষেবা দিতে

39. সম্প্রতি প্রকাশিত 'বিশ্ব ক্ষুধা সূচক'এ ভারতের স্থান কত তম?
(A) 101 (B) 103 (C) 105 (D) 99

40. এবছর 'প্যারিস অলিম্পিক'এ কোন চারটি খেলাকে নতুনভাবে যোগ করা হয়?
(A) ব্রেকিং, সার্ফিং, স্পোর্ট ক্লাইম্বিং, স্কেটবোর্টিং
(B) ফ্লাগ ফুটবল, বেসবল, স্কোয়াশ, ক্রিকেট (C) বেসবল, ব্রেকিং, সার্ফিং, ক্রিকেট (D) ল্যাক্রোস, বেসবল, স্কোয়াশ, সার্ফিং

41. এবছর নোবেল শান্তি পুরস্কারে ভূষিত হলেন —
(A) জাপানের নিহন হিদানকিও (B) দক্ষিণ কোরিয়ার হ্যান ক্যাং (C) ব্রিটেনের জিওফ্রে হিন্টন (D) মার্কিন যুক্তরাষ্ট্রের ডেভিড বেকার

## পি.এস.সি ক্লার্কশিপ

42. পশ্চিমবঙ্গের কোন জেলায় 'জল্পেশ মেলা' পালন করা হয়?
(A) মেদিনীপুর (B) জলপাইগুড়ি
(C) কোচবিহার (D) বাঁকুড়া

43. নিচের কোন নদীটি সরাসরি ভাগীরথী হুগলি নদীতে এসে মেশেনি?
(A) অজয় (B) রূপনারায়ণ (C) দামোদর (D) বরাকর

44. একটি Word = কত bits?
(A) 8 bits (B) 12 bits (C) 16 bits (D) 20 bits

45. 'জাতীয় মুদ্রণ দিবস' কবে পালন করা হয়?
(A) 15 নভেম্বর (B) 17 নভেম্বর (C) 16 নভেম্বর (D) 20 নভেম্বর

46. 'হানাবাড়ি' নামে জনপ্রিয় চিত্রকলাটি কোন শিল্পীর অবদান?
(A) নন্দলাল বসু (B) যামিনী রায়
(C) গগনেন্দ্রনাথ ঠাকুর (D) রবি বর্মা

47. নিচের কোন ব্যক্তিত্ব 'ভারত ছাড়ো আন্দোলন'এর সঙ্গে যুক্ত ছিলেন না?
(A) কমলা চৌধুরী (B) মনিলাল গান্ধী
(C) রাজা গোপালাচারী (D) বি.আর.আম্বেদকর

48. 'মাউন্ট অ্যাকোনকাগুয়া' কোন মহাদেশের সর্বোচ্চ শৃঙ্গ?
(A) ইউরোপ (B) আফ্রিকা (C) উত্তর আমেরিকা (D) দক্ষিণ আমেরিকা

49. কোন জনপ্রিয় অভিনেত্রীর আসল নাম 'ডায়ানা মারিয়াম কুরিয়ান'?
(A) শ্রীদেবী (B) মধুবালা (C) নয়নতারা (D) নার্গিস দত্ত

50. মিত্তিন মাসি চরিত্রটির স্রষ্টা কে?
(A) শক্তিপদ রাজগুরু (B) সমরেশ বসু
(C) সুচিত্রা ভট্টাচার্য (D) লীলা মজুমদার

51. নিচের কোন সম্রাট 'লালফুল' বা 'গুলরুখী' ছদ্মনামে ফারসি কবিতা লিখতেন?
(A) ফিরোজ শাহ তুঘলক (B) আলা-উদ-দীন খলজি
(C) সিকন্দর শাহ লোদি (D) গিয়াস-উদ-দীন তুঘলক

52. পর্তুগিজ পর্যটক নুনিজ কার রাজসভায় আসেন?
(A) শাহজাহান (B) দ্বিতীয় দেবরায়
(C) কৃষ্ণ দেব রায় (D) অচ্যুৎ দেব রায়

53. 'পাণ্ডুরাম হেগড়ে' নিচের কোন আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন?
(A) চিপকো আন্দোলন (B) অ্যাপিকো আন্দোলন
(C) সাইলেন্ট ভ্যালি আন্দোলন (D) নর্মদা বাঁচাও আন্দোলন

54. নিচের কোন রাজ্যে চাংপা উপজাতিদের দেখতে পাওয়া যায়?
(A) অরুণাচল প্রদেশ (B) লাদাখ (C) নাগাল্যান্ড (D) অসম

55. সুন্দরগড় কোন খনিজ উৎপাদনের জন্য বিখ্যাত?
(A) তামা (B) বক্সাইট (C) ম্যাঙ্গানিজ (D) বেরিয়াম

56. দক্ষিণবঙ্গের সর্বোচ্চ স্থান কোনটি?
(A) গোর্গাবুরু (B) সবরগ্রাম (C) ফালুট (D) শুশুনিয়া

57. চুপি কাষ্ঠশালী পাখিরালয়টি পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত?
(A) পূর্ব বর্ধমান (B) পশ্চিম বর্ধমান (C) বোলপুর (D) হুগলি

58. সমান আপতিত সূর্যকিরণ অঞ্চলের সংযোগরেখাকে কী বলে?
(A) Isoneph (B) Isonif (C) Isotech (D) Isohel

59. ভারতের অর্থনীতিতে শিল্পক্ষেত্রে LPG নীতি গ্রহণ করা হয় কত সালে?
(A) 1991 (B) 1992 (C) 1999 (D) 2000

60. নিচের কোন ধ্রুপদী ভাষাটিকে সবথেকে প্রাচীন হিসাবে গণ্য করা হয়?
(A) তামিল (B) কন্নড় (C) ওড়িয়া (D) মারাঠি

61. মৌলের পরমাণুর নিউক্লিয়াসে নিউট্রন সংখ্যা সমান, কিন্তু প্রোটন সংখ্যা আলাদা। তাদের কী বলে?
(A) আইসোটোপ (B) আইসোবার
(C) আইসোটোন (D) ওপরের কোনোটিই নয়

62. নিচের কোন প্রাণীর গমন পদ্ধতিকে 'সন্তরন' বলা হয়?
(A) কেঁচো (B) তিমি (C) তারামাছ (D) বাদুড়

63. RDT ডায়াগনোস্টিক টেস্ট নিচের কোন রোগ নির্ণয়ের জন্য করা হয়?
(A) ডায়াবেটিস (B) প্লেগ (C) ম্যালেরিয়া (D) গুটি বসন্ত

64. সুষম খাদ্যের উপাদান ক'টি?
(A) 4টি (B) 5টি (C) 6টি (D) 7টি

65. গমের বিজ্ঞানসম্মত নাম কী?
(A) Musca Demostican (B) Triticum Aestivum

Scanned with OKEN Scanner

# পি.এস.সি ক্লার্কশিপ

(C) Oryza Sativa (D) Solanum Tuberosum

66. পশ্চিমবঙ্গের রাজ্যসভায় আসন সংখ্যা ক'টি?
(A) 42 (B) 16 (C) 31 (D) 33

67. লোকসভা ও বিধানসভায় মহিলাদের 33% আসন সংরক্ষণ কততম সংবিধান সংশোধনীর মাধ্যমে করা হয়?
(A) 104 (B) 105 (C) 106 (D) 107

68. পশ্চিমবঙ্গ সরকার 'সবুজসাথী' প্রকল্প কত সালে চালু করে?
(A) 2014 (B) 2015 (C) 2016 (D) 2017

69. THAAD কী?
(A) Intermediate মিসাইল (B) যুদ্ধজাহাজ
(C) হাই অল্টিটিউড ইন্টারসেপ্টর (D) হাইপারসনিক মিসাইল

70. 'Rafah' শহরটি মধ্য পূর্বের কোন দেশে অবস্থিত?
(A) প্যালেস্তাইন (B) ইজরায়েল (C) লেবানন (D) জর্ডন

71. $\pi$ ও $\frac{22}{7}$ সংখ্যা দু'টি যথাক্রমে —
(A) দু'টি অমূলদ সংখ্যা (B) দু'টি মূলদ সংখ্যা
(C) $\pi$ মূলদ ও $\frac{22}{7}$ অমূলদ (D) $\pi$ অমূলদ ও $\frac{22}{7}$ মূলদ

72. 256139A4 সংখ্যাটি 11 দিয়ে বিভাজ্য হলে, A এর মান কত?
(A) 8 (B) 5 (C) 4 (D) 9

73. $\frac{6}{7}, \frac{7}{8}, \frac{4}{5}$ ভগ্নাংশগুলি মানের উর্ধ্বক্রমে সাজান।
(A) $\frac{7}{8} > \frac{4}{5} > \frac{6}{7}$ (B) $\frac{7}{8} > \frac{6}{7} > \frac{4}{5}$
(C) $\frac{4}{5} > \frac{6}{7} > \frac{7}{8}$ (D) $\frac{6}{7} > \frac{4}{5} > \frac{7}{8}$

74. কোন বৃহত্তম সংখ্যা দিয়ে 37, 72, 121, 177 কে ভাগ করলে আর প্রতিক্ষেত্রে একই ভাগশেষ থাকলে বৃহত্তম সংখ্যা নির্ণয় করুন।
(A) 6 (B) 9 (C) 7 (D) 11

75. $\frac{0.945 \times 0.547 + 0.151 \times 2.835}{0.14 \times 0.17 + 0.483 \times 1.4} = ?$
(A) 1.35 (B) 1.28 (C) 1.45 (D) 1

76. $\sqrt{3\sqrt{3\sqrt{3\sqrt{3}}}}$ এর মান কত?
(A) 3 (B) $3^{\frac{15}{16}}$ (C) $3^{\frac{1}{2}}$ (D) $3^{\frac{16}{15}}$

77. 6 + 12 + 24 + 36 + ... + 768 এর মান নির্ণয় করুন।
(A) 1533 (B) 1520 (C) 1530 (D) 1512

78. $x + \frac{1}{x} = 3$ হলে $x^6 + \frac{1}{x^6}$ এর মান কত?
(A) 322 (B) 310 (C) 0 (D) 332

79. 3600 এর মোট উৎপাদক সংখ্যা হল —
(A) 44 (B) 45 (C) 32 (D) 52

80. $(13)^{2x} = 81$ হলে, $(13)^{-x}$ এর মান কত?
(A) $\pm\frac{1}{9}$ (B) $\pm\frac{1}{3}$ (C) $\pm\frac{2}{13}$ (D) $\pm 9$

81. একজন ক্রিকেটার 26টি ইনিংসের প্রতি ইনিংসে গড় 28 রান করে। সে যদি তার পরে পাঁচ ইনিংসে মোট 272 রান করে তাহলে তার গড় কত বৃদ্ধি পাবে?
(A) 5.758 (B) 4.258 (C) 7.50 (D) 2.256

82. 840 জন শ্রমিকের একটি আইসক্রিম কারখানায় পুরুষ ও মহিলার সংখ্যার অনুপাত 5 : 7, অনুপাত 1 : 1 করতে আরও কতজন পুরুষের যোগ দেওয়া উচিত?
(A) 240 (B) 200 (C) 190 (D) 140

83. $\sqrt{\left[\left(13^2 - 8^2\right) \times 5 + 4\right]}$ এর মান নির্ণয় করুন।
(A) 22 (B) 23 (C) 24 (D) 26

84. একটি মিশ্রণের 80 লিটারে দুধ ও জলের পরিমাণ 27 : 5; এই মিশ্রণে কতটা জল যোগ করলে দুধ ও জলের অনুপাত 3 : 1 হবে?
(A) 10 লিটার (B) 15 লিটার (C) 20 লিটার (D) 25 লিটার

85. 10 জন পুরুষ 25 দিনে একটি কাজ করতে পারে। 12 দিন কাজ করার পর, সেই কাজটি শেষ করার জন্য আরও 3 জন লোক নিয়োগ করা হয়েছিল। তাহলে অবশিষ্ট কাজ শেষ করতে কত দিন লাগবে?
(A) 6 (B) 8 (C) 10 (D) 12

86. 5টি বিষয়ে রামের গড় নম্বর হল 80; গড় নম্বর হিসাবে 82 পেতে হলে তাঁকে পরবর্তী বিষয়ে কত নম্বর পেতে হবে?
(A) 86 (B) 90 (C) 92 (D) 96

87. যদি 4 বছরের জন্য 500 টাকা আর 2 বছরের জন্য 700 টাকার ওপর একই সুদের হারে সরল সুদ একসঙ্গে 280 টাকা হয়, তাহলে সুদের হার কত?
(A) $7\frac{3}{17}\%$ (B) $8\frac{4}{17}\%$ (C) $6\frac{5}{17}\%$ (D) $9\frac{3}{17}\%$

88. মীনা 7 টাকায় 20টি ডিম কিনে 7.20 টাকা প্রতি ডজন হিসাবে বিক্রি করে 30 টাকা লাভ হয়। তার কেনা ডিমের সংখ্যা কত?
(A) 60 (B) 120 (C) 180 (D) 240

89. দু'টি ট্রেনের গতিবেগের অনুপাত হল 6 : 5, যদি প্রথম ট্রেনটি 3 ঘণ্টায় 342 কিলোমিটার চলে, তাহলে দ্বিতীয় ট্রেনের গতিবেগ ঘন্টায় কত কিলোমিটার?
(A) 91 (B) 84 (C) 87 (D) 95

90. দু'টি নল A ও B যথাক্রমে 20 ও 30 মিনিটে আলাদাভাবে একটি ট্যাঙ্ক পূরণ করতে পারে। যদি উভয় নল একইসঙ্গে খোলা হয়, তাহলে ট্যাঙ্কটি অসম্পূর্ণরূপে পূর্ণ হতে কত সময় লাগবে?
(A) 10 মিনিট (B) 12 মিনিট
(C) 15 মিনিট (D) 25 মিনিট

91. 7টি ক্রমিক স্বাভাবিক সংখ্যার যোগফল 1617 হলে, এর মধ্যে কয়টি মৌলিক সংখ্যা আছে?
(A) 2 (B) 3 (C) 1 (D) 4

92. বার্ষিক 4.5% হারে একটি নির্দিষ্ট আমানতের সুদ এক বছরে 135 টাকা। একই আমানতের ওপর বার্ষিক 5% হারে এক বছরের অতিরিক্ত সুদ কত হবে?
(A) 16 টাকা (B) 15 টাকা
(C) 14 টাকা (D) 18 টাকা

93. একটি যাত্রায় রাজেশ প্রথম 160 কিলোমিটার 64 কিমি/ঘণ্টা গতিবেগে আর পরের 160 কিলোমিটার 80 কিমি/ঘণ্টা গতিবেগে অতিক্রম করে। যাত্রার প্রথম 320 কিলোমিটারের গড় গতিবেগ নির্ণয় করুন।
(A) 71.11 (B) 73 (C) 93.33 (D) 75

94. একজন বাবা, মা ও মেয়ের বেতনের অনুপাত 2 : 3 : 5, যথাক্রমে 15%, 10% আর 20% বেতন বাড়লে তাদের বেতনের অনুপাত কত হবে?
(A) 17 : 13 : 15 (B) 23 : 33 : 60
(C) 17 : 37 : 50 (D) 17 : 18 : 25

95. শিবম দু'টি ঘড়ি কিনেছে, প্রথমটি 12000 টাকায় আর দ্বিতীয়টি 20,000 টাকায়। সে উভয় ঘড়ি বিক্রি করেন, প্রথমটি 10% লাভে আর দ্বিতীয়টি 20% ক্ষতিতে। তার সামগ্রিক লাভ বা, ক্ষতি কত?
(A) 2600 টাকা লাভ (B) 2800 টাকা ক্ষতি
(C) 2400 টাকা ক্ষতি (D) 1200 টাকা লাভ

96. 16 মিনিট ব্যবধানে একই স্থান থেকে দু'টি গুলি করা হল। বিপরীত দিকে চলমান বাসে বসে থাকা এক ব্যক্তি 16 মিনিট 36 সেকেন্ড পর দ্বিতীয় গুলির শব্দ শুনতে পায়। যদি বাতাসে শব্দের গতিবেগ 332 মিটার/সেকেন্ড হয়, তাহলে বাসের গতিবেগ ঘন্টায় কত কিলোমিটার?
(A) 40 (B) 43.2 (C) 49.6 (D) 52.3

97. দু'টি স্বাভাবিক সংখ্যার বিয়োগফল ____
(A) সর্বদা স্বাভাবিক সংখ্যা (B) সর্বদা অখণ্ড সংখ্যা
(C) সর্বদা পূর্ণ সংখ্যা (D) কোনোটিই নয়

98. 300 মিটার দৈর্ঘ্যের একটি ট্রেন বিপরীত দিক থেকে আসা 200 মিটার দৈর্ঘ্যের ট্রেনের মধ্যে বসে থাকা এক ব্যক্তিকে 3 সেকেন্ডে অতিক্রম করে। যদি দ্বিতীয় ট্রেনটির গতিবেগ ঘন্টায় 90 কিলোমিটার হয় আর ট্রেনদু'টি যদি একই দিকে গতিশীল থাকে তাহলে দ্রুততম ট্রেনটি অন্য ট্রেনটিকে কত সেকেন্ডে অতিক্রম করবে?
(A) 8 (B) 12 (C) 5 (D) 10

99. প্রদত্ত দুই চল বিশিষ্ট একঘাত সহ সমীকরণ দেখে সঠিক উত্তরটি নির্ণয় করুন।
$2x + 3y = 28$
$4x + 6y = 48$
(A) একটি মাত্র নির্দিষ্ট সাধারণ সমাধান থাকবে
(B) অসংখ্য সাধারণ সমাধান থাকবে
(C) কোনো সাধারণ সমধান থাকবে না
(D) কোনোটিই নয়

100. মাসুম একটি খেলনা 5% লাভে বিক্রি করেন, যদি খেলনাটি 20% কমে কিনতেন ও 34 টাকা কমে বিক্রি করতেন তাহলে তার 10% লাভ হত। খেলনাটির প্রকৃত বিক্রয় মূল্য কত?
(A) 200 টাকা (B) 210 টাকা
(C) 220 টাকা (D) 180 টাকা

## চটপট উত্তরের বিশ্লেষণ

1(D). 2(C). 3(A). 4(A). 5(A). 6(B). 7(A). 8(A). 9(A). 10(C). 11(A). 12(B). 13(C). 14(A). 15(B). 16(C). 17(A). 18(A). 19(B). 20(A). 21(D). 22(A). 23(A). 24(C). 25(C). 26(B). 27(A). 28(D). 29(A). 30(C). 31(D). 32(D). 33(A). 34(B). 35(A). 36(C). 37(B). 38(C). 39(C). 40(A). 41(A). 42(B). 43(D). 44(C). 45(C). 46(C). 47(D). 48(D). 49(C). 50(C). 51(C). 52(D). 53(B). 54(B). 55(C). 56(A). 57(A). 58(D). 59(A). 60(A). 61(C). 62(B). 63(C). 64(C). 65(B). 66(B). 67(C). 68(B). 69(C). 70(A). 71(D).

72(A). 11 দিয়ে বিভাজ্য হতে গেলে সংখ্যাটির অযুগ্ম স্থানীয় অঙ্ক সমষ্টি ও যুগ্ম স্থানীয় অঙ্ক সমষ্টির অন্তরফল '0' হয় অথবা 11 দিয়ে বিভাজ্য হয়। তাহলে, 256139A4
$\Rightarrow (2 + 6 + 3 + A) = (5 + 1 + 9 + 4)$
$\Rightarrow 11 + A = 19$
$\Rightarrow A = 8$

73(B). যদি ভগ্নাংশ 1 এর কম হয় আর লব ও হরের পার্থক্য 1 হয় তাহলে লব যেটির বড় সেটি হবে বৃহত্তম ভগ্নাংশ। তাহলে, $\frac{7}{8} > \frac{6}{7} > \frac{4}{5}$

74(C). (72 – 37), (121 – 72) ও (177 – 121) = 35, 49 ও 56 এর গ.সা.গু = 7.

75(A). $\frac{0.945 \times 0.547 + 0.151 \times 2.835}{0.14 \times 0.17 + 0.483 \times 1.4}$
$= \frac{0.945\,(1 \times 0.547 + 0.151 \times 3)}{0.14\,(1 \times 0.17 + 0.483 \times 10)}$
$= \frac{0.945\,(0.547 + 0.453)}{0.14\,(0.17 + 4.83)}$
$= \frac{0.945\,(1)}{0.14\,(5)} = \frac{0.945}{0.7} = 1.35$

76(B). $(x)^{\frac{2^n - 1}{2}} = (3)^{\frac{2^4 - 1}{2^4}} = 3^{\frac{15}{16}}$

77(C). প্রথম ও শেষ পদ বলা থাকলে গুণোত্তর প্রগতির ক্ষেত্রে
$S_n = \frac{lr - a}{r - 1}$
$= \frac{768 \times 2 - 6}{1}$
$\left[l = 768, a = 6, r = \frac{12}{6} = 2\right]$
$= 1530$

78(A). $x + \frac{1}{x} = 3$ হলে $\left(x^6 + \frac{1}{x^6}\right)$ এর মান
$= (k^3 - 3k)^2 - 2$
$= (3^3 - 9)^2 - 2$
$= (18)^2 - 2 = 322$

79(B). $3600 = 36 \times 100$
$= 2^4 \times 3^2 \times 5^2$
উৎপাদক সংখ্যা = (4 + 1) (2 + 1) (2 + 1) = 45টি।

80(A). $(13)^{2x} = 81$
$\Rightarrow (13^x)^2 = 81$
$\Rightarrow (13)^x = \pm 9$
$\Rightarrow \frac{1}{13^x} = \frac{1}{\pm 9}$
$\Rightarrow 13^{-x} = \frac{1}{\pm 9}$

81(B). 82(D).

83(B). $\sqrt{\left[\left(13^2 - 8^2\right) \times 5 + 4\right]}$ [সূত্র $a^2 - b^2 = (a + b)(a - b)$]
$\Rightarrow (13^2 - 8)^2 \times 5 + 4 = (105 \times 5) + 4 = 529$
$\Rightarrow \sqrt{529} = 23$

84(A). দুধ = $\frac{27}{32} \times 80 = 67.5$ লিটার
জল = 80 – 67.5 = 12.5 লিটার
মনে করি, m = 3 : 1 অনুপাতে পেতে যে পরিমাণ জল যোগ করতে হবে
$\Rightarrow \frac{67.5}{12.5 + m} = 3$
$\Rightarrow 67.5 = 37.5 + 3m$
$\Rightarrow m = 10$
∴ 3 : 1 অনুপাত পেতে 10 লিটার জল যোগ করতে হবে।

85(C). $10M \times 25 = 10M \times 12 + 13M \times D$
$\Rightarrow 250M - 120M = 13M \times D$
$\Rightarrow 13M \times D = 130M$
$\Rightarrow D = \frac{130}{13}$
D = 10 দিন।

86(C). $n = m \times (y - x) + y$
$n = 5 \times 2 + 82$
$n = 10 + 82$
$n = 92$

87(B). মনে করি, মূলধন হল R
সরল সুদ = (মূলধন × সুদের হার × সময়) ÷ 100
$\Rightarrow (500 \times R \times 4) \div 100 + (700 \times R \times 2) \div 100 = 280$
$\Rightarrow 20R + 14R = 280$
$\Rightarrow R = \frac{280}{34} \times 100$
$R = 8\frac{4}{17}\%$

88(B). 1টি ডিমের ক্রয়মূল্য = 7 টাকা ÷ 20 = 0.35 টাকা
1টি ডিমের বিক্রয়মূল্য = 7.20 টাকা ÷ 20 = 0.6 টাকা
1টি ডিমের জন্য লাভ = 1টি ডিমের বিক্রয়মূল্য – 1টি ডিমের ক্রয়মূল্য
1টি ডিমে লাভ = 0.60 টাকা – 0.35 টাকা = 0.25 টাকা
মোট ডিমের সংখ্যা = মোট লাভ ÷ 1টি ডিমের জন্য লাভ
∴ মোট ডিমের সংখ্যা = 30 টাকা ÷ 0.25 টাকা
= 120 টাকা।

89(D). দু'টি ট্রেনের গতিবেগের অনুপাত 6 : 5
প্রথম ট্রেনের গতিবেগ = 342 ÷ 3 = 114 km/hrs
তাহলে, দ্বিতীয় ট্রেনের গতিবেগ = $114 \times \frac{5}{6}$ = 95 km/hrs.

90(B). A ⟶ 20, B ⟶ 30 > 60 < 3(A), 2(B)
5 unit (মোট)
∴ মোট 60 মিনিট ÷ 5 unit = 12 মিনিট।

91(A). ক্রমিক স্বাভাবিক সংখ্যার যোগফল = 1617
মনে করি, সংখ্যাগুলি হল যথাক্রমে n, n+1, n+2, n+3, n+4, n+5, n+6
$\Rightarrow 7n + 21 = 1617$
$\Rightarrow 7n = 1596$
$n = 228$
∴ সংখ্যাগুলি হল 228, 229, 230, 231, 232, 233, 234
এই সংখ্যাগুলির মধ্যে 229 ও 233 হল মৌলিক সংখ্যা। মোট 2টি।

92(B). যদি 4.5 = 135 হয়
$\Rightarrow 1 = 30$
$\Rightarrow 5 = 5 \times 30 = 150$
অতিরিক্ত সুদ = 150 – 135 = 15 টাকা।

93(A). মোট অতিক্রান্ত দূরত্ব = 160 + 160 = 320 km

☞ এরপর ১১ পাতায়

Scanned with OKEN Scanner

## ক্লার্কশিপ পরীক্ষা

১০ পাতার পর

মোট গৃহীত সময় = 160 ÷ 64 + 160 ÷ 80

$= \frac{5}{2} + 2$

$= \frac{9}{2}$ ঘণ্টা

∴ গড় গতিবেগ = $\frac{320}{9} \times 2 = \frac{640}{9} = 71.11$

**94(B).** বাবা, মা, মেয়ের বেতন 200, 300, 500 টাকা

পিতার বর্ধিত বেতন = $200 \times \frac{115}{100} = 230$

মায়ের বর্ধিত বেতন = $300 \times \frac{110}{100} = 330$

কন্যার বর্ধিত বেতন = $500 \times \frac{120}{100} = 600$

∴ 230 : 330 : 600

23 : 33 : 60

**95(B).** প্রথম ঘড়িতে লাভ = $\left(\frac{10}{100} \times 12000\right) = 1200$ টাকা

দ্বিতীয় ঘড়িতে ক্ষতি = $\left(\frac{20}{100} \times 20000\right) = 4000$ টাকা

মোট লাভ/ক্ষতি = 1200 − 4000 = − 2800 টাকা (ক্ষতি)।

**96(B).** মনে করি, বাসটির গতিবেগ = r মিনিট/সেকেন্ড

16 মিনিট 36 সেকেন্ড = 996 সেকেন্ড

তাহলে 996 × r = 36 × 332

$r = \frac{36 \times 332}{996}$

= 12 মিটার/সেকেন্ড

$= 12 \times \frac{18}{5}$ কিলোমিটার/ঘণ্টা

= 43.2 কিলোমিটার/ঘণ্টা।

**97(C).** স্বাভাবিক সংখ্যা = 1, 2, 3, ... ∞

অখণ্ড সংখ্যা = 0, 1, 2, 3, ... ∞

পূর্ণসংখ্যা = −∞ ....− 3, − 2, − 1, 0, 1, 2, 3. ... ∞

তাহলে যেকোনো স্বাভাবিক সংখ্যা 2 এর থেকে 7 বিয়োগ করলে (2 − 7) = − 5, যা একটি পূর্ণসংখ্যা।

∴ দুটি স্বাভাবিক সংখ্যার বিয়োগফল সর্বদা পূর্ণসংখ্যা।

**98(D).** প্রথম ট্রেনটির গতিবেগ r km/h ও 3 সেকেন্ডে অন্য ট্রেনে বসে থাকা এক ব্যক্তিকে অতিক্রম করে, পুরো ট্রেনটিকে নয়

$\therefore \frac{300 \times 18}{(90 + r)} = 3$

= 90 + r = 360

r = 270 km/h

∴ দ্রুততম ট্রেনটি একই দিকে গতিশীল অন্য ট্রেনটিকে অতিক্রম করতে সময় নেবে = $\frac{(300 + 200) \times 18}{(270 - 90) \times 5}$ sec.

$= \frac{500 \times 18}{180 \times 5} = 10$ sec.

**99(C).** যদি $\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2} \neq \frac{c_1}{c_2}$ হয় তাহলে সরলরেখা দুটি অসমাপাতিত সমান্তরাল সরলরেখা। তাই কোনো সাধারণ সমাধান থাকবে না।

**100(B).** মনে করি, CP = 100

100 —5%(P)→ 105 টাকা ($SP_1$)

100 —20% কমে CP→ 80 টাকা

80 টাকা —10%(P)→ $\frac{80 \times 110}{100} = 88$ টাকা ($SP_2$)

(105 − 88) = 17

17 = 34

1 = 2

100 = 200

∴ খেলনাটির ক্রয়মূল্য 200 টাকা

∴ প্রকৃত বিক্রয়মূল্য $200 \times \frac{105}{100} = 210$ টাকা।

# কেন্দ্রীয় সংস্থায় ১৫৩ জুনিয়র অফিসার

**নিজস্ব সংবাদদাতা, হায়দরাবাদ :** এন.এম.ডি.সি. লিমিটেড 'জুনিয়র অফিসার' ট্রেনি পদে ১৫৩ জন লোক নিচ্ছে। নেওয়া হবে এইসব ট্রেডে : মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, সিভিল, কেমিক্যাল, সার্ভে, মাইনিং, এনভায়রণমেন্ট, কমার্শিয়াল। কারা কোন পদের জন্য যোগ্য :

**জুনিয়র অফিসার ট্রেনি (মেকানিক্যাল) :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ২০টি (জেনাঃ ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ২)।

**জুনিয়র অফিসার ট্রেনি (সিভিল) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি বা, ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)।

**জুনিয়র অফিসার ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা ইলেক্ট্রিক্যাল সুপারভাইজর সার্টিফিকেট (মাইনিং) কোর্স পাশ হলে যোগ্য। ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৪৪টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৫)।

**জুনিয়র অফিসার ট্রেনি (কেমিক্যাল) :** কেমিস্ট্রির এম.এসসি. কিংবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। শূন্যপদ : ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**জুনিয়র অফিসার ট্রেনি (সার্ভে) :** মাইনিং, মাইন্স অ্যান্ড মাইন সার্ভেয়িংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা মাইন সার্ভেয়র সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্তত ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। শূন্যপদ : ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)।

**জুনিয়র অফিসার ট্রেনি (কমার্শিয়াল) :** ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা যোগ্য। যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা এম.বি.এ., মার্কেটিং; ফরেন ট্রেড, সেলস মার্কেটিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলে যোগ্য। সি.এ. বা, আই.সি.এম.এ. কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**জুনিয়র অফিসার ট্রেনি (এনভায়রণমেন্ট) :** সিভিল, কেমিক্যাল, মাইনিং, এনভায়রণমেন্ট ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কিংবা এনভায়রণমেন্ট, ম্যানেজমেন্ট, ইঞ্জিনিয়ারিং, এনভায়রণমেন্টাল সায়েন্স, জিওলজি, কেমিস্ট্রি, বটানির পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ : ১টি (জেনাঃ)।

**জুনিয়র অফিসার ট্রেনি (জিও অ্যান্ড কিউ.সি.) :** জিওলজির এম.এসসি. কিংবা এম.এসসি. (টেক) বা, এম.টেক কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : ৩টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**জুনিয়র অফিসার ট্রেনি (মাইনিং) :** মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা যোগ্য। ফোরম্যান সার্টিফিকেট অফ কম্পিটেন্সি কোর্স পাশ হতে হবে। মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরাও যোগ্য। শূন্যপদ : ৫৬টি (জেনাঃ ২২, তঃজাঃ ৯, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১৫, ই.ডব্লু.এস. ৬)।

ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১০-১১-২০২৪'র হিসাবে ৩২ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১৮ মাসের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। সফল হলে মূল মাইনে : ৩৭,০০০-১,৩০,০০০ টাকা।

প্রার্থী বাছাই হবে ১০০ নম্বরের কম্পিউটার বেসড টেস্টের মাধ্যমে। এরপর হবে সুপারভাইজরি স্কিল টেস্ট। এই পদের বিজ্ঞপ্তি নং : 08/2024 dated 21.10.2024.

দরখাস্ত করবেন অনলাইনে, ১০ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইট থেকে : www.nmdc.co.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২৫০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ে জমা দেবেন। তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

# কেন্দ্রীয় সংস্থায় ইঞ্জিনিয়ার ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, নয়া দিল্লি :** কেন্দ্রীয় সরকারের অধীন সংস্থা, পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড 'ইঞ্জিনিয়ার ট্রেনি (ইলেক্ট্রিক্যাল)', 'ইঞ্জিনিয়ার ট্রেনি (সিভিল)', 'ইঞ্জিনিয়ার ট্রেনি (ইলেক্ট্রনিক্স)' ও 'ইঞ্জিনিয়ার ট্রেনি (কম্পিউটার সায়েন্স)' পদে কয়েকশো লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ইঞ্জিনিয়ার ট্রেনি (ইলেক্ট্রিক্যাল) :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল (পাওয়ার), ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, পাওয়ার সিস্টেম ইঞ্জিনিয়ারিং বা, পাওয়ার ইঞ্জিনিয়ারিং (ইলেক্ট্রিক্যাল) ট্রেডের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। সফল হলে মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

**ইঞ্জিনিয়ার ট্রেনি (সিভিল) :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। সফল হলে মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

**ইঞ্জিনিয়ার ট্রেনি (কম্পিউটার সায়েন্স) :** কম্পিউটার সায়েন্স, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, ইনফর্মেশন টেকনোলজির ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। সফল হলে মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

**ইঞ্জিনিয়ার ট্রেনি (ইলেক্ট্রনিক্স) :** ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল কমিউনিকেশন, টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা মোট অন্তত ৬০% (তপশিলী উপজাতি হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। সফল হলে মূল মাইনে : ৪০,০০০-১,৪০,০০০ টাকা।

সব পদের বেলায় এবছরের ফাইনাল বর্ষের প্রার্থীরাও যোগ্য। সব ক্ষেত্রে 'গেট' পরীক্ষায় সফল হয়ে থাকতে হবে। বয়স হতে হবে ৩১-১২-২০২৪'র হিসাবে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : CC/07/2024, Date: 27.09.2024.

প্রার্থী বাছাই হবে ২০২৫ সালের 'গেট' পরীক্ষায় পাওয়া স্কোর দেখে। এরপর গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ হবে।

'গেট-২০২৫'এর জন্য এবছর দরখাস্ত নেওয়া হয়েছে। পাওয়ার ডিগ্রি দরখাস্ত করবেন অনলাইনে, আগামী বছর ফেব্রুয়ারি মাস নাগাদ। এই ওয়েবসাইটে : www.powergrid.in আরো বিস্তারিত তথ্য ওয়েবসাইটেই পাবেন।

# রেলের কয়েকটি পদের পরীক্ষার তারিখ বদল

১ পাতার পর

(ক) বিজ্ঞপ্তি নং CEN 01/2024-এর অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) হবে ২৫ নভেম্বর থেকে ২৯ নভেম্বর পর্যন্ত। এই পদের পরীক্ষার তারিখ বদল হয়নি।

(খ) বিজ্ঞপ্তি নং CEN RPF 01/2024-এর রেলওয়ে প্রোটেকশন ফোর্সের সাব-ইন্সপেক্টর পদের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) হবে ২ ডিসেম্বর থেকে ১২ ডিসেম্বর পর্যন্ত। আগে পরীক্ষার তারিখ ঠিক হয়েছিল ২ ডিসেম্বর থেকে ৫ ডিসেম্বর পর্যন্ত।

(গ) বিজ্ঞপ্তি নং CEN 02/2024-এর টেকনিশিয়ান পদের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) হবে ১৮ ডিসেম্বর থেকে ২৯ ডিসেম্বর পর্যন্ত।

আগে পরীক্ষার তারিখ ঠিক হয়েছিল ১৬ ডিসেম্বর থেকে ২৬ ডিসেম্বর পর্যন্ত।

(ঘ) বিজ্ঞপ্তি নং CEN 03/2024-এর জুনিয়র ইঞ্জিনিয়ার, সি.এম.এ., মেটালার্জিক্যাল অ্যাসিস্ট্যান্ট পদের কম্পিউটার বেসড টেস্ট (সি.বি.টি.) হবে ১৩ ডিসেম্বর থেকে ১৭ ডিসেম্বর পর্যন্ত। আগে পরীক্ষার তারিখ ঠিক হয়েছিল ৬ ডিসেম্বর থেকে ১৩ ডিসেম্বর পর্যন্ত।

প্রতিটি পদের ক্ষেত্রেই পরীক্ষার ১০ দিন আগে থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন, সংশ্লিষ্ট রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইট থেকে। আধার লিঙ্ক বায়োমেট্রিক ভেরিফিকেশনের জন্য প্রার্থীদের এই ওয়েবসাইটে গিয়ে আপডেট করতে হবে : www.rrbapply.gov.in

# স্কুল শিক্ষক নিয়োগের

১ পাতার পর

পদ্ধতিতেই এবার নিয়োগ প্রক্রিয়া চলবে। দরখাস্ত নেওয়া, পরীক্ষা নিয়ে প্রার্থী বাছাই করা, মেধাতালিকা তৈরি-সহ সব প্রার্থীদের কাউন্সেলিং পর্যন্ত যাবতীয় কাজ করত স্কুল সার্ভিস কমিশন। কাউন্সেলিংয়ের কাজ শেষ করে এরপর স্কুল সার্ভিস কমিশন বাছাই প্রার্থীদের নামের তালিকা পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের কাছে পাঠিয়ে দিত। তারপর-মধ্যশিক্ষা পর্ষদ নিয়োগের সুপারিশপত্র দিত প্রার্থীদের।

এবার থেকে স্কুল সার্ভিস কমিশন দরখাস্ত নেওয়া, পরীক্ষা নিয়ে প্রার্থী বাছাই করা, মেধাতালিকা তৈরি-সহ সব প্রার্থীদের কাউন্সেলিং করে নিয়োগের সুপারিশপত্র স্কুলের ম্যানেজিং কমিটির কাছে সরাসরি পাঠিয়ে দেবে। এরপর ম্যানেজিং কমিটি স্কুল সার্ভিস কমিশনের সুপারিশ-সহ তাঁদের দেওয়া নিয়োগপত্র জেলার স্কুল ইনস্পেক্টরের কাছে পাঠাবে। জেলার স্কুল ইনস্পেক্টর অনুমোদন পাঠালেই চাকরি পাকা। আগে এই অনুমোদন আসতে ৬-৭ মাস সময় লাগত। এখন তা চটপট ছাড়া হবে। স্কুলের শিক্ষক-শিক্ষিকা পদে নিয়োগে স্বচ্ছতা আনতে আর চাকরিপ্রার্থীদের ভরসা ফিরিয়ে আনতে এবার রাজ্য সরকারের নির্দেশে এই বদল হচ্ছে।

উচ্চ প্রাথমিকের শিক্ষক-শিক্ষিকা পদে এখনও পর্যন্ত প্রায় ৪৫০ জন প্রার্থীকে কাউন্সেলিংয়ে ডেকেছে স্কুল সার্ভিস কমিশন। তবে ১৪ শতাংশের বেশি চাকরি প্রার্থী কাউন্সেলিংয়ে হাজির হননি বলে জানা গেছে। ১০ বছর পর চাকরির সুযোগ হওয়ায় অনেকের মধ্যেই কাউন্সেলিং নিয়ে অনীহা দেখা যাচ্ছে। কতটা দ্রুত এই প্রক্রিয়া শেষ হয়, সেদিকেই তাকিয়ে আছেন প্রার্থীরা।

২৫ অক্টোবর সুপ্রিম কোর্টের আদেশ বেরোনোর পর এবার স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে 'টেট' আর 'এস.এল.এস.টি' পরীক্ষা নেওয়ায় বাধা থাকল না। স্কুল সার্ভিস কমিশনের নতুন বিজ্ঞপ্তি শিগগিরই বেরোনোর সম্ভাবনা।

Scanned with OKEN Scanner

## অস্ত্র কারখানায় ৩,৮৮৩

১ পাতার পর

'নন-আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৬,০০০ টাকা। শূন্যপদ : ১,৩৮৫টি।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.'র স্বীকৃত আই.টি.আই. থেকে যে কোনো একটি ট্রেডে সার্টিফিকেট কোর্স পাশ হলে আর অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে 'আই.টি.আই. ক্যাটেগরি' হিসাবে আবেদনের যোগ্য। স্টাইপেন্ড মাসে ৭,০০০ টাকা। শূন্যপদ : ২,৪৯৮টি।

**বয়স :** সব ক্ষেত্রে বয়স হতে হবে ২১-১১-২০২৪'এর হিসাবে ১৪ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। আই.টি.আই. থেকে সার্টিফিকেট কোর্স পাশ হলে যত বছরের কোর্স পড়েছেন তত বছর বয়সের ছাড় পাবেন। শারীরিক ও মানসিক সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। কোনোরকম দৈহিক ত্রুটি থাকলে আবেদন করবেন না। ট্রেনিংয়ের মেয়াদ ৩ বছর বা, ট্রেড অনুযায়ী ৪ বছর পর্যন্ত বাড়তে পারে।

১৯৬১ সালের অ্যাপ্রেন্টিস আইন ও ১৯৯৫ সালের ডি.এ. আইনানুযায়ী এই ট্রেনিং দেওয়া হবে। তপশিলী ও প্রতিবন্ধীদের জন্য কিছু সীট সংরক্ষিত।

ট্রেনিংয়ে সফল হলে চাকরি হতে পারে। তবে চাকরি দেওয়াটা বাধ্যতামূলক নয়। হস্টেল নেই। ট্রেনিং চলার সময় ডাক্তারি খরচ পাবেন।

**প্রার্থী বাছাই পদ্ধতি :** প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। এক্স-আই.টি.আই. প্রার্থীদের বেলায় মাধ্যমিক ও আই.টি.আই. কোর্সে পাওয়া নম্বর দেখে ফ্যাক্টরিভিত্তিক, ক্যাটেগরিভিত্তিক তালিকা তৈরি হবে। নন-আই.টি.আই. প্রার্থীদের বেলায় মাধ্যমিকে পাওয়া নম্বর দেখে মেধা তালিকা তৈরি হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা। পরীক্ষা নেবে অর্ডন্যান্স ফ্যাক্টরি বোর্ড।

**দরখাস্ত করার পদ্ধতি :** দরখাস্ত করবেন অনলাইনে, ২১ নভেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : https://recruit-gov.com এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও অন্যান্য প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ২০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা ও ট্রান্সজেন্ডারদের বেলায় ১০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে। কোন ট্রেডে ক'টি শূন্যপদ :

কোন প্রতিরক্ষা কারখানায় কোন কোন ট্রেডে অ্যাপ্রেন্টিস নেওয়া হবে ও ক'টি শূন্যপদ : **(1) The General Manager, Metal & Steel Factory, Ishapore, PIN – 743 144, Distt : 24 Parganas (North), West Bengal.** পড়ানো হবে : নন-আই.টি.আই. -ফোর্জার অ্যান্ড হিট ট্রিটার ১১টি (জেনাঃ ৭, ও.বি.সি. ২, তঃজাঃ ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১।

এক্স-আই.টি.আই. — ইলেক্ট্রিশিয়ান ১০টি (জেনাঃ ৬, ও.বি.সি. ২, তঃজাঃ ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১। মেকানিক মেশিন টুল মেন্টেন্যান্স ২০টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ১)। মেশিনিস্ট -৭৬টি (জেনাঃ ৪০, ও.বি.সি. ১৬, তঃজাঃ ১৭, তঃউঃজাঃ ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ২টি। ফিটার -৫০টি (জেনাঃ ২৬, ও.বি.সি. ১১, তঃজাঃ ১১, তঃউঃজাঃ ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১। টার্নার ৩৫টি (জেনাঃ ১৯, ও.বি.সি. ৭, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১। মেশিনিস্ট (গ্রাইন্ডার) ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৪টি (জেনাঃ)।

**(2) The General Manager, Ordnance Factory, Dum Dum, Kolkata -700 028, West Bengal.** পড়ানো হবে : নন-আই.টি.আই.— ফিটার ৯টি (জেনাঃ ৫, ও.বি.সি. ২, তঃজাঃ ২)। এর মধ্যে প্রতিবন্ধী ১। টার্নার ২টি (জেনাঃ)। মেশিনিস্ট ১১টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)।

এক্স-আই.টি.আই. — ইলেক্ট্রিশিয়ান ৩টি (জেনাঃ ১, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। মেশিনিস্ট -১১টি (জেনাঃ ৫, ও.বি.সি. ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। ফিটার -৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ২,)। টার্নার ২টি (জেনাঃ)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ৬টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

**(3) The General Manager, Gun & Shell Factory, Cossipore, Kolkata - 700 002, West Bengal.** পড়ানো হবে : পড়ানো হবে : নন-আই.টি.আই. — মেশিনিস্ট ৫৮টি (জেনাঃ ২৯, ও.বি.সি. ১৩, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ৩)। এর মধ্যে প্রতিবন্ধী ২। ফিটার ২২টি (জেনাঃ ১১, ও.বি.সি. ৫, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১)। এরম মধ্যে প্রতিবন্ধী ১। টার্নার ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)।

এক্স-আই.টি.আই. — ইলেক্ট্রিশিয়ান ৫টি (জেনাঃ ৩, ও.বি.সি. ১, তঃজাঃ ১)। মেশিনিস্ট -২০টি (জেনাঃ ১০, ও.বি.সি. ৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১)। এর মধ্যে প্রতিবন্ধী ১টি। ফিটার -৮টি (জেনাঃ ৪, ও.বি.সি. ২, তঃজাঃ ২)। টার্নার ২টি (জেনাঃ)। ওয়েল্ডার (গ্যাস অ্যান্ড ইলেক্ট্রিক) ২টি (জেনাঃ)।

**(4) চণ্ডীগড় অর্ডন্যান্স কেবল ফ্যাক্টরি — ১১টি।**

**(5) মধ্য প্রদেশ গান ক্যারেজ ফ্যাক্টরি জবলপুর — ২০৯টি।**

**(6) মধ্য প্রদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি, জবলপুর — ৪৮টি।**

**(7) মধ্য প্রদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি ইতার্সি — ৪৩টি।**

**(8) মধ্য প্রদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি খামারিয়া জব্বলপুর — ৪৫২টি। (10) মধ্য প্রদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি কাতনি — ৮৭টি।**

**(9) মহারাষ্ট্র হাই এক্সপ্লোসিভ ফ্যাক্টরি, কিরকি (পুনে) — ৭৫টি।**

**(10) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি, অম্বরনাথ, থানে — ৮০টি।**

**(11) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি, আম্বাঝারি, নাগপুর — ৩৪৩টি।**

**(12) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি, ভান্ডারা — ২৫১টি।**

**(13) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি, ভুসাওয়াল — ৮৩টি।**

**(14) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি, চান্দা, চন্দ্রপুর — ৪৬১টি।**

**(15) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি, দেহু রোড, পুনে — ১১২টি।**

**(16) মহারাষ্ট্র অর্ডন্যান্স ফ্যাক্টরি ভারানগাঁও — ১৪৪টি।**

**(17) মহারাষ্ট্র অ্যামিউনিশন ফ্যাক্টরি, খাদকি — ৭৩টি।**

**(18) ওড়িশা অর্ডন্যান্স ফ্যাক্টরি বাদমাল, বোলাঙ্গির — ১৩৫টি।**

**(19) তামিলনাড়ু কোরডাইট ফ্যাক্টরি আরুভানকাদু — ৪৭টি।**

**(20) তামিলনাড়ু হাই এনার্জি প্রোজেক্টাইল ফ্যাক্টরি, তিরুচিরাপল্লী — ৭৫টি।**

**(21) উত্তর প্রদেশ অর্ডন্যান্স ফ্যাক্টরি, মুরাদনগর — ১৭৯টি।**

**(22) উত্তর প্রদেশ স্মল আর্মস ফ্যাক্টরি, কানপুর — ১৩৯টি।**

**(23) উত্তরাখণ্ড অর্ডন্যান্স ফ্যাক্টরি দেরাদুন — ৬৯টি।**

**(24) উত্তরাখণ্ড অপটো ইলেক্ট্রনিক ফ্যাক্টরি, দেরাদুন — ৮৬টি।**

ওপরের ওইসব অর্ডন্যান্স ফ্যাক্টরিতে কোন ট্রেডে ক'টি শূন্যপদ তা ওয়েবসাইটে পাবেন।




Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291584943, E-Mail : karmsang@gmail.com